# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmrbbd@gmail.com

Chaitra 6, 1430 Bangla, March 20, 2024, Wednesday, No. 80, 54th year

# H I G H L I G H T S

AL GS Obaidul Quader has claimed that the govt. has tried to keep the price of daily necessities within the purchase limit of people. (R. Today: 10)

Foreign Minister Dr. Hasan Mahmud says that BNP seeks help from foreign countries' instead of the people of our country. This is very sad. (R. Today: 11)

State Minister for Information & Broadcasting M A Arafat comments, if BNP succeeded in thwarting the 7th election, undemocratic forces would have emerged in the country. (R. Today: 11)

BNP Leader Gayeshwar C Roy comments, the current govt. has no morals. There was not so much cruelty even during Ershad's autocratic period. Adds, the democracy of BD is in a coma. (R. Today: 11)

Govt. takes initiative to remove the obligation of submitting statement of assets of Govt. Servants by amending the Govt. Servants (Conduct) Rules, 1979. TIB has strongly criticized this initiative. (Jago FM: 16)

The families of MV Abdullah hostages report increased recklessness from Somali pirates. After briefly allowing sailors to contact with families, the pirates have abruptly halted it. (BBC: 4)

In much talked Hallmark loan scam, a court in Dhaka sentences 9 people including company MD Tanveer Mahmud & chairman Jasmine Islam to life imprisonment. (VOA: 7)

BD Shop Owners Association has termed the price fixing of 29 products at the retail level by the Directorate of Agriculture Marketing of the govt as inconsiderate, senseless & unimaginative. (R. Today: 12)

Killing in mob beating increased by 41% in 2023 compared to 2022. From 2019 to till now, 224 people have been killed in mob beating. Analysts see it as a sign of lack of confidence in the police & judicial system. (DW: 9)

Saudi expatriates live in inhumane conditions. Many Saudi expatriates are living inhumane lives falling in trap by the so-called free visa and the supply companies. (R. Tehran: 8)

Health Ministry informs in the first quarter of this year, the number of dengue patients from January to March has exceeded 1,500. 20 people have lost their lives due to dengue so far. (Jago FM: 16)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর,**
**বাংলাদেশ বেতার, ঢাকা**
**চৈত্র ৬, বাংলা ১৪৩০, মার্চ ২০, ২০২৪, বুধবার, নং- ৮০, ৫৪তম বছর**

# শিরোনাম

নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম ক্রয়সীমার মধ্যে সরকারের সামান্যতম কমতি নেই বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। (রে. টুডে : ১০)

পররাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডক্টর হাছান মাহমুদ বলেছেন বিএনপি জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে সহযোগিতা চায়। এটি খুব দুঃখজনক। (রে. টুডে : ১১)

বিএনপি ৭ জানুয়ারির নির্বাচন বানচাল করতে চেয়েছিল বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। তিনি বলেন নির্বাচন বানচালে বিএনপি সফল হলে দেশে অগণতান্ত্রিক শক্তির উত্থান হতো। (রে. টুডে : ১১)

বর্তমান সরকারের কোন নৈতিকতা নেই। এরশাদের স্বৈরাচারী আমলেও এত নিষ্ঠুরতা ছিল না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেন বাংলাদেশের গণতন্ত্র কোমায় আছে। (রে. টুডে : ১১)

সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর সংশোধন করে সম্পদের বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা সরিয়ে নেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। এ উদ্যোগের কঠোর সমালোচনা করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ । (জাগো এফএম : ১৬)

সোমালি জলদস্যুদের অপহরণের শিকার এমভি আব্দুল্লাহর জিম্মি নাবিকদের পরিবারগুলো জানিয়েছে, দস্যুরা এখন যেন অনেকটাই বেপরোয়া হয়ে উঠেছে। এ কয়দিন নাবিকদের পরিবারের সাথে যোগাযোগসহ ও অন্যান্য কিছু সুবিধা দিলেও গত দুই দিনে তারা সেটিও বন্ধ করে দিয়েছে। (বিবিসি : ৪)

আলোচিত হলমার্ক ঋণ কেলেঙ্কারির ঘটনায়, প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক মো. তানভীর মাহমুদ ও চেয়ারম্যান জেসমিন ইসলামসহ ৯ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। (ভোয়া : ৭)

সরকারের কৃষি বিপণন অধিদপ্তর থেকে খুচরা পর্যায়ে ২৯টি পণ্যের দাম নির্ধারণ করে দেয়াকে অবিবেচনা, অসার অর্থহীন ও কল্পনা প্রসূত আখ্যা দিয়েছে বাংলাদেশ দোকান মালিক সমিতি। (রে. টুডে : ১২)

২০২২ সালের তুলনায় ২০২৩ সালে গণপিটুনিতে হত্যা ৪১ শতাংশ বেড়েছে। আর ২০১৯ সালের পর এপর্যন্ত গণপিটুনিতে নিহত হয়েছেন ২২৪ জন। বিশ্লেষকেরা একে পুলিশ ও বিচার ব্যবস্থার প্রতি আস্থাহীনতার লক্ষণ বলে মনে করছেন। (ডয়চে ভেলে : ৯)

সৌদি প্রবাসীরা অমানবিক দুরবস্থার মধ্যে রয়েছে। কথিত ফ্রি ভিসা ও সাপ্লাই কোম্পানির ফাঁদে পড়ে অনেক সৌদি প্রবাসী অমানবিক জীবন যাপন করছেন। (রে. তেহরান : ৮)

স্বাস্থ্য মন্ত্রণালয় জানিয়েছে চলতি বছরের প্রথম প্রান্তিকেই, জানুয়ারি থেকে মার্চ মাস ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা এক হাজার ৫০০ জন ছাড়িয়ে গেছে। ডেঙ্গু আক্রান্ত হয়ে এরই মধ্যে ২০ জন প্রাণ হারিয়েছেন। (জাগো এফএম : ১৬)

# বিবিসি

## ‘কিংস পার্টি’তে সাকিব আল হাসানের ‘যোগদান’ নিয়ে নতুন যেসব দাবি

বাংলাদেশে দ্বাদশ জাতীয় নির্বাচনের আগে বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন বা বিএনএম নামে রাজনৈতিক দল গঠন এবং তাতে ক্রিকেটার সাকিব আল হাসানের যোগদানের বিষয়ে নিজের অবস্থান ব্যাখ্যা করেছেন বিএনপির ভাইস চেয়ারম্যান মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদ। মঙ্গলবার ঢাকার বনানীতে নিজের বাসায় এ বিষয়ে এক সংবাদ সম্মেলনে তিনি জানান, “নির্বাচনের আগে ক্রিকেটার সাকিব আল হাসানকে আমার কাছে নিয়ে আসা হয়েছিল। সাকিব নিজেই রাজনীতিতে যোগ দেয়ার ইচ্ছা জানায়। তবে নতুন দলে যোগ দিতে সাকিবকে উৎসাহ দিইনি আমি।” একইসাথে সে সময় নতুন দল গঠন করতে ক্ষমতাসীন দলের তরফে তার কাছে প্রস্তাব থাকলেও তা গ্রহণ করেননি বলে দাবি করেন মেজর হাফিজ। এদিকে, আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের সাকিবের বিএনএমে যোগদানের বিষয়ে আগে কিছু জানতেন না বলে দাবি করেন। দলটির কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি বলেন, “বিষয়টি মিডিয়ায় দেখেছি। এ সম্পর্কে কিছু জানা ছিল না। আগের বিষয়টা জানি না।” “সাকিব এখন আওয়ামী লীগের টিকেটে মাগুরা-১ থেকে নির্বাচন করেছেন, জয়লাভও করেছেন। নমিনেশন নেওয়ার সময় দলের প্রাথমিক সদস্য হয় সাকিব। এর আগে সাকিব দলের কেউ ছিলেন না। নমিনেশন দেয়ার সময় প্রাথমিক সদস্য পদ দিতে হয়”, জানান ওবায়দুল কাদের।

সম্প্রতি একটি গণমাধ্যমে নির্বাচনের আগে সাকিব আল হাসানের সাথে মেজর হাফিজের একটি ছবি-সহ সংবাদ প্রকাশ করা হয়। যাতে বলা হয়েছে, বিএনএম গঠনের নেপথ্য কারিগর হিসেবে কাজ করেছেন মেজর হাফিজ উদ্দিন আহমেদ। সে দলে সাকিব আল হাসান যোগ দিয়েছিলেন। বিএনপির ওই নেতার বাসভবনে বিএনএমের সদস্য ফরম পূরণ করে সাকিবের যোগ দেয়ার 'প্রস্তুতিপর্বে'র ছবি প্রকাশ করেছে ওই গণমাধ্যম। নভেম্বরের প্রথম সপ্তাহে ওই ঘটনা ঘটেছে বলে দাবি করা হয়েছে। তবে পরবর্তী সময়ে নতুন দলে না গিয়ে প্রধানমন্ত্রীর সাথে দেখা করে ক্ষমতাসীন আওয়ামী লীগে যোগদান করেন সাকিব আল হাসান। এখন এই ছবি-সহ সংবাদটি প্রকাশের পরই তা নিয়ে চলছে তুমুল জল্পনা। 'কিংস পার্টি' হিসেবে পরিচিত বিএনএমে যোগ দেওয়া ও সাকিব আল হাসানের সাথে ছবি প্রকাশের বিষয়ে নিজের অবস্থান পরিষ্কার করতে মঙ্গলবার সংবাদ সম্মেলন করেন মেজর হাফিজ। নির্বাচনের পাঁচ-ছয় মাস আগে ক্রিকেটার সাকিব আল হাসানকে কয়েকজন অবসরপ্রাপ্ত সেনা কর্মকর্তা তার কাছে নিয়ে যান বলে ওই সংবাদ সম্মেলনে জানান তিনি। তিনি বলেন, “সাকিব আল হাসানকে আমার কাছে নিয়ে আসে, সে এসে রাজনীতিতে যোগদানের ইচ্ছা ব্যক্ত করে। বিএনএমের দু’জন কর্মকর্তা তাকে আমার কাছে নিয়ে আসেন।” “আমি বলেছি, রাজনীতি করা তোমার বিষয়। তুমি এখনো খেলাধুলা করছো। রাজনীতি করবে কি না, সেটা তোমার বিষয়। আমার কাছ থেকে উৎসাহ না পেয়ে সে চলে যায়”, জানান মেজর হাফিজ।

বিএনপির এই নেতা বলেন, “সাকিব কোনোদিন রাজনীতি করে নাই। করতেই পারে। আমি যোগদান না করায় তিনিও তার পথ বেছে নিয়েছেন।” “যেখান থেকে সহজে জেতা যাবে, যে নির্বাচনে কোনো প্রতিপক্ষ থাকবে না ... সম্পূর্ণ পাতানো নির্বাচনে অংশগ্রহণ করে এমপি হয়েছেন সাকিব, এটি তার বিষয়। এটি তার অধিকার রয়েছে, যে-কোনো দলে সে যোগ দিতেই পারে”, মন্তব্য করেন মেজর হাফিজ। জনগণের দৃষ্টি ভিন্ন খাতে নেওয়ার জন্যই নির্বাচনের এতদিন পর এই ছবি প্রকাশ করে সংবাদ প্রচার করা হচ্ছে বলে মন্তব্য করেন তিনি। তার কথায়, “এমন কিছু করিনি যার জন্য লজ্জিত হতে হবে।” মি. হাফিজ বলেন, “কী করেছি, কী অপরাধ করেছি আমি? আমি কি বিএনএমে যোগ দিয়েছি? দল ভেঙেছি?” “আমি তো দেশেই ছিলাম না। দুই মাস আগে আমার উদ্দেশ্য ও আমার পরিকল্পনা জনসম্মুখে প্রকাশ করে গেছি!” মঙ্গলবার বনানীতে নিজ বাসায় ওই সংবাদ সম্মেলনে মেজর হাফিজ আরও দাবি করেন, নির্বাচনের ছয় মাস আগে সরকারি দলের গুরুত্বপূর্ণ নেতারা তার সাথে যোগাযোগ করতে শুরু করেন। “তখনকার তথ্যমন্ত্রী হাছান মাহমুদ ঘোষণাই দিয়ে দিলেন হাফিজ সাহেব নতুন দল গঠন করবেন। নির্বাচনে যাবেন।” “পরদিনই সংবাদ সম্মেলন করে বলি ৩২ বছর ধরে বিএনপিতে আছি। এই দলেই থাকব। তারা অ্যাপ্রোচ করেছেন প্রস্তাব গ্রহণ করি নাই। এটা তো গোপন কিছু না”, জানান তিনি। মেজর হাফিজ বলেন, “এখন অপপ্রচার চালিয়ে বিভ্রান্তি তৈরির চেষ্টা চলছে।” “দেশে গণতন্ত্র নেই। রাজনীতি অত্যন্ত নোংরা। নির্বাচনের সময় নানা কলাকৌশল হয়। যে দলই ক্ষমতায় থাকে, তারা চেষ্টা করে প্রতিপক্ষকে ক্ষতিগ্রস্ত করার জন্য। কিছু লোক ভাগিয়ে এনে নিজেদের দলে বা অন্য কোনও দলে দিয়ে নির্বাচনি বৈতরণী পার হতে চায়”, বলেন তিনি। তিনি বলেন, “তারা দেখেছে বিএনপির নীতি-নির্ধারণী বিষয়ে মাঝে মধ্যেই আমার দ্বিমত থাকে। সেখান থেকে তারা ধরে নিয়েছিল আমি বিএনপি ত্যাগ করতে চাই।” সে সময় সরকারি দলের চাপ বাড়তে থাকার এক পর্যায়ে সংবাদ সম্মেলন করে বিএনপি ছাড়ার সম্ভাবনা নেই বলে জানিয়েছিলেন মি. হাফিজ। মঙ্গলবার তিনি জানান, “ওই সংবাদ সম্মেলনে বলেছিলাম বিএনএম বা অন্য কোনো দলে আমার যোগদানের কোনো সম্ভাবনা নেই।” শারীরিকভাবে অসুস্থ থাকার কথা উল্লেখ করে সে সময় মেজর হাফিজ রাজনীতি থেকে অবসর নেওয়ার কথাও বলেছিলেন বলে মঙ্গলবার জানান। নির্বাচনের পাঁচ-ছয় মাস আগে সামরিক বাহিনীর অবসরপ্রাপ্ত পরিচিত কয়েকজন কর্মকর্তাও তাকে নতুন দল গঠন করার পরামর্শ দিয়েছিলেন বলে সংবাদ

সম্মেলনে জানান বিএনপির এই ভাইস চেয়ারম্যান। মেজর হাফিজ বলেন, "তাদের বলেছিলাম রাজনীতিতে কোনো শর্টকাট নেই। সাধারণ মানুষের সংস্রব ছাড়া রাজনীতিতে টিঁকে থাকা যায় না।"

বিএনপি দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন বর্জনের ঘোষণা দিলেও সে সময় সাবেক মন্ত্রী মেজর হাফিজের বিএনএমে যোগ দেওয়ার বিষয়ে গুঞ্জন উঠেছিল। বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান, মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর-সহ শীর্ষস্থানীয় নেতারা সে সময় তার কাছে প্রকৃত বিষয় জানতে চাইলে তাদেরকেও বিষয়টি স্পষ্ট করেছিলেন বলে জানান মি. হাফিজ। "এগুলো সরকারি প্রোপাগাণ্ডা। আমি বিএনপি ছেড়ে কোথাও যাব না। এই বয়সে তো আমার কোনো রাজনৈতিক উচ্চাভিলাষ নেই।" "দুইবার মন্ত্রী হয়েছি, আর কত? ৬বার এমপি হয়েছি জনগণের ভোটে, গুড এনাফ। আমার তো নতুন দলে যোগদানের দরকার নাই, কিংস পার্টি খোঁজার দরকার নাই", বলেন তিনি।

বিএনপিকে আওয়ামী লীগের ভাঙতে চাওয়ার অভিযোগও অস্বীকার করেন মি. কাদের। তিনি বলেন, "বিএনপিকে আমরা ভাঙতে যাবো কেনো? আমাদের কি কোনো দুর্বলতা আছে যে বিএনপি থেকে লোক এনে সে ঘাটতি আমাদের পূরণ করতে হবে?" আওয়ামী লীগের বহু লোক রয়েছে জানিয়ে ওবায়দুল কাদের বলেন, "আওয়ামী লীগের প্রার্থিতা গত নির্বাচনের সময় আপনারা দেখেছেন ... কত ভিড়। আওয়ামী লীগে কোন দুর্বৃত্ত নেই।" দ্বাদশ জাতীয় নির্বাচনে অন্যতম 'কিংস পার্টি' হিসেবে পরিচিতি পাওয়া বিএনএম সৃষ্টি নিয়ে সরকারের কোনও ভূমিকা ছিল কি না, আওয়ামী লীগের সাধারণ সম্পাদকের কাছে এমন প্রশ্ন করেন সাংবাদিকরা। উত্তরে ওবায়দুল কাদের বলেন, "সরকারি দল কিংস পার্টি করতে যাবে কেনো? কোনটা কিংস পার্টি কোনটা প্রজা পার্টি এ সম্পর্কে আমাদের কিছু জানা নেই।" "নির্বাচনের আগে শত ফুল ফোটে। এটা আরেকটা ফুল ফুটেছে। তারা নির্বাচন করবে। নিবন্ধন করেছে। সেটা নির্বাচন কমিশনকে জিজ্ঞেস করেন, তারা কাকে নিবন্ধন দিয়েছে। এখানে আওয়ামী লীগের কোন চাপ ছিল না" মন্তব্য করেন মি. কাদের।

বিএনপির নেতারা ক্লান্ত, কর্মীরা হতাশ বলে মন্তব্য করে মি. কাদের তাদের আওয়ামী লীগের নামে এসব 'অপপ্রচার, মিথ্যাচার' বন্ধ করারও আহ্বান জানান। বিএনএমে যোগদান ও যে ছবি প্রকাশ হয়েছে সে বিষয়ে কথা বলতে ক্রিকেটার সাকিব আল হাসানের সাথে বেশ কয়েকবার যোগাযোগ করা হলেও ফোন ধরেননি তিনি।

(বিবিসি ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ নারগীস)

## জলদস্যুদের কাছে জিম্মি জাহাজে অভিযান প্রস্তুতি, দুই দস্যু আটক এবং সর্বশেষ তথ্য

সোমালি জলদস্যুদের অপহরণের শিকার এমভি আব্দুল্লাহর জিম্মি নাবিকদের পরিবারগুলো জানিয়েছে, দস্যুরা এখন যেন অনেকটাই বেপরোয়া হয়ে উঠেছে। গত সপ্তাহে ভারত মহাসাগরে বাংলাদেশি পতাকাবাহী জাহাজটি দখলে নেয়ার পর এ কয়দিন নাবিকদের পরিবারের সাথে যোগাযোগ-সহ ও অন্যান্য কিছু সুবিধা দিলেও গত দুই দিনে তারা সেটিও বন্ধ করে দিয়েছে। এদিকে, জলদস্যুদের কবল থেকে জাহাজটি উদ্ধারে অভিযান পরিকল্পনার কথা শোনা গেলেও নাবিকদের সুরক্ষার কথা চিন্তা করে তাতে সায় দেয়নি বাংলাদেশ। এর আগে বার্তা সংস্থা রয়টার্স জানিয়েছে, এমভি আব্দুল্লাহ এবং জিম্মি নাবিকদের জলদস্যুদের হাত থেকে মুক্ত করতে সোমালি পুলিশ এবং আন্তর্জাতিক নৌবাহিনী অভিযানের প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছে পান্টল্যান্ড অঞ্চলের পুলিশ। এছাড়া, রোববার এমভি আব্দুল্লাহ ছিনতাইয়ের সাথে অভিযুক্ত দুইজন জলদস্যুকে আটকের কথা জানিয়েছে পান্টল্যান্ড পুলিশ।

নাবিকরা তাদের পরিবারকে জানিয়েছেন, জলদস্যুরা জাহাজে থাকা খাবার শুধু খাচ্ছেই না, সেগুলো নষ্টও করছে। এটি নিয়ে দুশ্চিন্তার কথা জানান জিম্মি নাবিকরা। জিম্মি থাকা ইঞ্জিন ক্যাডেট আইয়ুব খানের সাথে তার বড় ভাই ওমর ফারুকের সর্বশেষ কথা হয় দু'দিন আগে। ওমর ফারুক মঙ্গলবার বিবিসি বাংলাকে জানান, তখন সে জানিয়ে ছিল জলদস্যুরা প্রতিদিন প্রায় একশোজনের খাবার নষ্ট করছে। এ অবস্থা চলতে থাকলে খুব অল্প সময়ের মধ্যেই বড় সংকটে পড়তে হবে তাদের। এমন পরিস্থিতিতে বাংলাদেশের এমভি আব্দুল্লাহ এবং জিম্মি নাবিকদের জলদস্যুদের কবল থেকে মুক্ত করতে সোমালি পুলিশ এবং আন্তর্জাতিক নৌবাহিনী অভিযানের প্রস্তুতি নিচ্ছে বলে খবর পাওয়া যাচ্ছে। বার্তা সংস্থা রয়টার্স বলছে, ভারতীয় কমান্ডোরা জলদস্যুদের নিয়ন্ত্রণে থাকা মাল্টার পতাকাবাহী জাহাজ এমভি রুয়েনে অভিযান চালিয়ে ১৭ ক্রুকে অক্ষত অবস্থায় উদ্ধার করার পর এমভি আব্দুল্লাহতেও অভিযানের পরিকল্পনা করা হয়েছে। তবে এই ধরনের অভিযানের প্রস্তাবে বাংলাদেশের সরকার রাজি হয়নি। জাহাজটির মালিক কোম্পানি কেএসআরএম গ্রুপও এই ধরনের অভিযানে রাজি নয়।

প্রতিষ্ঠানটির মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "যে অভিযানে নাবিক ও ক্রুদের জীবন বিপন্ন হয় এমন কোনো অপারেশন আমরা চাই না।" জাহাজের চিফ অফিসার আতিকুল্লাহ খানের মা শাহানুর বেগম বিবিসি বাংলাকে বলেন, "ভারতীয় নৌবাহিনীর হেলিকপ্টার দেখার পর থেকে ওরা বেপরোয়া হয়ে উঠেছে বলে আমরা জেনেছি। অভিযান চললে আমরা আর আমাদের সন্তানদের জীবিত ফেরত পাবো না। আমরা শান্তিপূর্ণ সমাধান চাই।" পরিবারের সাথে যোগাযোগ না থাকলেও জলদস্যুদের নিয়ন্ত্রণের থাকা জাহাজটির সর্বশেষ অবস্থান মনিটর করছে বাংলাদেশ। বাংলাদেশ নৌপরিবহন অধিদপ্তরের পাশাপাশি বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশানও (বিএমএমওএ) জাহাজটির গতিবিধি পর্যবেক্ষণ করছে। দস্যু বাহিনী জাহাজটিকে নিয়ে কয়েক দফায় ভারত মহাসাগরে স্থান পরিবর্তন করে। জাহাজটির এই গতিপথ ও অবস্থান দেখে বিএমএমওএ বলছে, জাহাজটি জলদস্যুদের নিয়ন্ত্রণে যাওয়ার পর প্রথমেই তারা বাংলাদেশি পতাকাবাহী জাহাজটিকে দেড় দিনের মাথায় সোমালিয়া উপকূলের কাছাকাছি

নিয়ে যায়। জলদস্যুদের কবলে পড়ার পরদিন বুধবার এটি ছিল সোমালিয়ার রাজধানী মোগাদিসু উপকূলের কাছাকাছি অবস্থানে। পরবর্তীতে সেটিকে আরো উত্তর দিকে সরিয়ে প্রথমে নেয়া হয় গারদাকে। এরপরই ভারতীয় নৌবাহিনী জাহাজটি ঘিরে নজরদারি বাড়ালে সেটি আবারো সরিয়ে নেয়া হয় গদবজিরান উপকূলে।

গত তিনদিন ধরে জাহাজটি একই জায়গায় নোঙর করে আছে বলে জানিয়েছে বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশন। তারা জানাচ্ছে, জাহাজটি গদবজিরান শহর থেকে ৪ নটিক্যাল মাইল দূরে অবস্থান করছে। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশানের সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "এমভি আব্দুল্লাহ যে জায়গায় ছিল গত তিনদিন ধরে সেখানেই আছে। আমরা আশা করছি এখান থেকেই তারা মালিকপক্ষের সাথে দেন-দরবার শুরু করবে।"

আফ্রিকার দেশ মোজাম্বিক থেকে কয়লা নিয়ে আরব আমিরাত যাওয়ার পথে গত ১২ মার্চ ভারত মহাসাগরের সোমালি জলদস্যুদের কবলে পড়ে এমভি আবদুল্লাহ। জিম্মি হওয়ার দুইদিন পর্যন্ত জাহাজটির অবস্থানসহ বিভিন্ন তথ্য পরিবারের কাছে জানানোর সুযোগ পেয়েছিলো জিম্মি নাবিকরা। কিন্তু গত দু'দিন ধরে সে যোগাযোগও বন্ধ। এ জাহাজে থাকা তিনজন জিম্মি নাগরিকের পরিবারের সাথে মঙ্গলবার কথা বলে বিবিসি বাংলা। গত দু'দিনে কারো পরিবারের সাথে যোগাযোগ হয়নি তাদের। সর্বশেষ শনিবার চিফ অফিসার ক্যাপ্টেন আতিকুল্লাহ খানের সাথে তার পরিবারের কথা হয়। ক্যাপ্টেন আতিকুল্লাহ খানের মা শাহানুর বেগম বিবিসি বাংলাকে জানান, আমাদের সাথে শেষ যখন কথা হয়েছে, তখন আমার ছেলে আমাকে বলেছে, ওরা গায়ে হাত না দিলেও অনেক দুর্ব্যবহার করা শুরু করেছে। বিশেষ করে ভারতীয় নৌবাহিনীর হেলিকপ্টার টহল দেখার পর থেকে জলদস্যুদের আচরণে পরিবর্তন হয়েছে বলেও জানাচ্ছিলেন মিজ বেগম। ভারত মহাসাগরে সোমালিয়ান জলদস্যুদের কবলে পড়া বাংলাদেশি মালিকানাধীন জাহাজ এমভি আব্দুল্লাহর খাবার ও পানি দ্রুত ফুরিয়ে আসছে। এর মধ্যে জিম্মি নাবিকদের খাবারে ভাগ বসাচ্ছে সশস্ত্র জলদস্যুরা।

সেকেন্ড ইঞ্জিনিয়ার তৌফিকুল ইসলামের শ্যালক সিব্বির মাহমুদ বিবিসি বাংলাকে জানান, গত শনিবারের পর থেকে আমাদের সাথে আর কোনো যোগাযোগ হয়নি। এ নিয়ে পুরো পরিবার দুশ্চিন্তায় আছি। এক সপ্তাহের বেশি সময় ধরে জলদস্যুদের হাতে জিম্মি জাহাজ। কয়েক দফায় দস্যুরা জাহাজে আসা যাওয়া করছে। প্রায় সব সময় জাহাজে থাকছে ৩০-৪০ জন জলদস্যু। তারা নিয়মিত জাহাজের খাবার খাচ্ছে বলেও নাবিকরা তাদের পরিবারকে জানিয়েছে। জিম্মি ইঞ্জিন ক্যাডেট আইয়ুব খানের বড় ভাই ওমর ফারুক বিবিসি বাংলাকে জানান, সর্বশেষ তার ভাই যখন তাকে দু'দিন আগে তাকে ফোন দিয়েছিলেন, তখন জানিয়েছিলেন জিম্মি আব্দুল্লাহর নাবিকদের সবচেয়ে বড় ভয় খাদ্য ও পানি সংকট। মি. ফারুক বলেন, "কারণ সোমালি জলদস্যুরা খাবার শুধু খাচ্ছে না। তারা প্রতিবেলায় খাবার নিয়ে সেগুলো আবার নষ্ট করছে। প্রতিবেলায় গড়ে একশোজনের খাবার নষ্ট হচ্ছে। এমন অবস্থা চলতে থাকলে খুব শিগগিরই জাহাজে খাদ্য ও পানি সংকট দেখা দিবে।"

বার্তা সংস্থা রয়টার্স জানাচ্ছে, এমভি আব্দুল্লাহ এবং জিম্মি নাবিকদের জলদস্যুদের হাত থেকে মুক্ত করতে সোমালি পুলিশ এবং আন্তর্জাতিক নৌবাহিনী অভিযানের প্রস্তুতি নিচ্ছে বলে জানিয়েছে দেশটির পান্টল্যান্ড অঞ্চলের পুলিশ। প্রতিবেদনে বলা হয়েছে, ভারতীয় কমান্ডোরা জলদস্যুদের নিয়ন্ত্রণে থাকা মাল্টার পতাকাবাহী জাহাজ এমভি রুয়েনে অভিযান চালিয়ে ১৭ ক্রুকে উদ্ধারের পর এমভি আবদুল্লাহতে অভিযানের এই পরিকল্পনা করা হয়েছে। সোমালিয়ার একটি আধা-স্বায়ত্তশাসিত অঞ্চল পান্টল্যান্ডের পুলিশ গণমাধ্যমকে জানিয়েছে, এমভি আব্দুল্লাহকে দখল করে থাকা জলদস্যুদের বিরুদ্ধে আন্তর্জাতিক নৌবাহিনীর অভিযানের একটি পরিকল্পনা তারা জানতে পেরেছে। সে কারণে তারা সতর্ক অবস্থানে রয়েছে এবং অভিযানে অংশ নিতেও প্রস্তুত রয়েছে। এর আগে রোববার এমভি আব্দুল্লাহ ছিনতাইয়ের সাথে অভিযুক্ত দুইজনকে আটকের কথাও জানায় পাটল্যান্ড পুলিশ। এখন প্রশ্ন হচ্ছে, ভারত মহাসাগরে দস্যুদের কবলে থাকা জাহাজ ও নাবিকদের কোনো ধরনের ক্ষতি ছাড়া অভিযান চালিয়ে উদ্ধার করা যাবে? এমন প্রশ্নে বাংলাদেশের স্পষ্ট জবাব- না। কারণ হিসেবে বিশেষজ্ঞরা বলছেন, এভাবে উদ্ধার অভিযানে গেলে প্রাণহানি হওয়ার সম্ভাবনা বেশি থাকবে। বাংলাদেশ মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন আনাম চৌধুরী বিবিসি বাংলাকে বলেন, "মাল্টার জাহাজ রুয়েন তিন মাস আগে দস্যুদের কবলে পড়েছিলো। সেই জাহাজের প্রেক্ষাপট আর বাংলাদেশের জাহাজের প্রেক্ষাপট এক না।"

মি. চৌধুরী মনে করেন, রুয়েনের মতো একই প্রক্রিয়ায় এমভি আব্দুল্লাহ উদ্ধার করা সম্ভব না। কেনোনা, বাংলাদেশি জাহাজটি কয়লাবাহী। উদ্ধার অভিযানের সময় গোলাগুলি হতে পারে। সেটি যদি হয়, তাহলে ভয়াবহ ক্ষতির মুখে পড়তে হবে বাংলাদেশকেই। কেনোনা কয়লাবাহী জাহাজ মেরিটাইম খাতে ঝুঁকিপূর্ণ কার্গো হিসেবে পরিচিত। জিম্মি নাবিকদের পরিবারও এই ধরনের অভিযান না চালানোর অনুরোধ জানিয়েছেন। চিফ অফিসার আতিকুল্লাহ খানের মা বিবিসি বাংলাকে বলেন, "আমরা কোনো যুদ্ধ করে সন্তান ফেরত চাই না। এমনিতেই টহলের হেলিকপ্টার দেখার পর থেকে দস্যুরা জিম্মিদের সাথে খারাপ ব্যবহার করছে। আমরা চাই মুক্তিপণের মাধ্যমে ওদের ফেরত আনা হোক।" বাংলাদেশি জাহাজটির মালিকপক্ষও এমন অভিযানের পক্ষে না। আনুষ্ঠানিকভাবে এ ধরনের অভিযানের প্রস্তাব আসলে তারা নাকচ করবেন বলেও জানিয়েছে কেএসআরএম গ্রুপ।

কেএসআরএম'র মিডিয়া অ্যাডভাইজার মিজানুল ইসলাম বিবিসি বাংলাকে বলেন, "আমরা জলদস্যুদের সাথে যোগাযোগের চেষ্টা করছি। অভিযান নয়, আমরা শান্তিপূর্ণ যে-কোনো উপায়ে অক্ষত অবস্থায় নাগরিকদের ফেরত আনতে চাই।" (বিবিসি ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ নারগীস)

## ভয়েস অফ আমেরিকা

### মাতারবাড়ি সমুদ্র বন্দর বিভিন্ন দেশের কাছে বঙ্গোপসাগরের গুরুত্ব তুলে ধরবে : স্পিকার

মাতারবাড়ি গভীর সমুদ্র বন্দর দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের কাছে বঙ্গোপসাগরের গুরুত্ব তুলে ধরবে বলে উল্লেখ করেছেন বাংলাদেশ জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। এই সমুদ্রবন্দর, নেপাল ও ভুটানের মতো ল্যান্ডলকড রাষ্ট্রগুলোর সঙ্গে বাংলাদেশের সংযোগ রক্ষা সহজ করবে বলেও জানান তিনি। মঙ্গলবার (১৯ মার্চ) জাতীয় সংসদ ভবনের পার্লামেন্ট এলডি হলে জাপানের সাসাকাওয়া পিস ফাউন্ডেশনের ওশান পলিসি রিসার্চ ইউনিট আয়োজিত কর্মশালায় এ কথা বলেন স্পিকার। "মাতারবাড়ি গভীর সমুদ্রবন্দরের মাধ্যমে, বাংলাদেশসহ পার্শ্ববর্তী বিভিন্ন রাষ্ট্রের আর্থ-সামাজিক উন্নয়ন ঘটবে। এই সমুদ্রবন্দর জলপথের মাধ্যমে বিভিন্ন রাষ্ট্রের সঙ্গে যোগাযোগ সহজতর করার পাশাপাশি ব্যবসায়িক প্রতিযোগিতা বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে;" বলেন স্পিকার শিরীন শারমিন। এই সমুদ্র বন্দর দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশের কাছে বঙ্গোপসাগরের গুরুত্ব তুলে ধরবে বলে উল্লেখ করেন স্পিকার চৌধুরী। তিনি বলেন, "মহাসাগরকে ব্যবহারের পাশাপাশি এর টেকসই উন্নয়নের দিকেও মনোযোগী হতে হবে।" বাংলাদেশ এন্টারপ্রাইজ ইনস্টিটিউটের প্রেসিডেন্ট হুমায়ুন কবির কর্মশালা সঞ্চালনা করেন। মূল প্রবন্ধ উপস্থাপন করেন ওশান পলিসি পিস ফাউন্ডেশনের রিসার্চ ফেলো ইমাদুল ইসলাম এবং গবেষক কামরান রেজা চৌধুরী।
(ভোয়া ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ এলিনা)

### বাংলাদেশের উপকূলবাসীর জীবনমান পর্যবেক্ষণ করলেন রাজকন্যা ভিক্টোরিয়া

বাংলাদেশের উপকূলীয় অঞ্চলে বসবাসরত মানুষের জীবনমান পর্যবেক্ষণ করতে, মঙ্গলবার (১৯মার্চ) খুলনা জেলার উপকূলীয় উপজেলা কয়রা সফর করেছেন ইউএনডিপির শুভেচ্ছা দূত, সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়া।

সুইডেনের ক্রাউন প্রিন্সেস কয়রায় প্রায় চার ঘণ্টা অবস্থান করেন। সকাল ৮টায় কয়রায় পৌঁছান তিনি, সফর শেষ করেন বেলা ১১টা ৪৫ মিনিটে। রাজকন্যা ভিক্টোরিয়া কয়রায় ছয়টি স্থান পরিদর্শন করেন। উপকূলীয় অঞ্চলে জলবায়ু পরিবর্তনের প্রভাব ও স্থানীয় লোকজনের জীবনমান পর্যবেক্ষণ করেন। খোঁজ নেন লিঙ্গ সমতা পরিস্থিতির। ইউএনডিপির শুভেচ্ছা দূত কয়রা উপজেলার মহারাজপুর ও মহেশ্বরীপুর ইউনিয়ন পরিষদ ডিজিটালাইজেশনে রূপান্তরের কার্যক্রম পরিদর্শন এবং মদিনাবাদ স্মার্ট পোস্ট সেন্টারের উদ্‌বোধন করেন। তিনি কয়রা উপজেলার মহেশ্বরীপুর ইউনিয়নের নোয়ানি গ্রামের যজ্ঞমন্দির এলাকায় ইউএনডিপি, ইউএনসিডিএফ, ইউরোপিয়ান ইউনিয়ন ও সুইডেন সরকারের অর্থায়নে এবং বাংলাদেশের স্থানীয় সরকার বিভাগের অধীন পরিচালিত লজিক প্রকল্পের আওতায় নির্মিত রেইন ওয়াটার হারভেস্টিং সিস্টেম পরিদর্শন করেন। ক্রাউন প্রিন্সেস ওয়াটার হারভেস্টিং সিস্টেম থেকে স্থানীয় মানুষদের লবণমুক্ত সুপেয় পানি সংগ্রহ কার্যক্রম পর্যবেক্ষণ করেন এবং ওয়াটার হারভেস্টিং সিস্টেমের উপকারভোগীদের সাথে মতবিনিময় করেন। মতবিনিময়কালে উপকারভোগীরা দেশের দক্ষিণাঞ্চলের লবণাক্ততা সমস্যার কারণে অতীতের পানযোগ্য পানির সংকটের কথা তুলে ধরেন। ইউএনডিপির শুভেচ্ছা দূত, সুইডেনের রাজকন্যা ভিক্টোরিয়াকে স্থানীয় বাসিন্দারা জানান, আগে গ্রামীণ উৎস হতে পরিবারের পানযোগ্য পানি সংগ্রহের জন্য নারীদের বাড়ি থেকে দূরে যেতে হতো। ওয়াটার হারভেস্টিং সিস্টেম হওয়ার পর, সহজেই লবণমুক্ত বিশুদ্ধ পানি পাওয়া যাচ্ছে। পরে ক্রাউন প্রিন্সেস একই ইউনিয়নের শিকারিপাড়া এলাকায় লজিক প্রকল্পের আওতায় জলবায়ু সহনশীল জীবিকায়নের অংশ হিসেবে ভেড়া পালন, মৎস্য চাষ এবং জলবায়ু ও জীবিকা উন্নয়ন সমবায় সমিতির মধু বিপণন কার্যক্রম পরিদর্শন করেন। দুপুরে তিনি কপোতাক্ষ মহাবিদ্যালয় মাঠ থেকে হেলিকপ্টারে করে কয়রা ত্যাগ করেন। (ভোয়া ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ এলিনা)

### সাইমন কোভেনিকে ভিসা প্রক্রিয়া সহজ করার অনুরোধ করেছেন হাছান মাহমুদ

বাংলাদেশের কৃষি প্রক্রিয়াজাতকরণ, ওষুধ ও তথ্যপ্রযুক্তি খাতে বিনিয়োগের জন্য আয়ারল্যান্ডের প্রতি আহ্বান জানিয়েছেন দেশটির পররাষ্ট্রমন্ত্রী ড. হাছান মাহমুদ। সোমবার (১৮ মার্চ) পররাষ্ট্র মন্ত্রণালয়ে হাছান মাহমুদের সঙ্গে সাক্ষাৎ করেন আয়ারল্যান্ডের বাণিজ্যমন্ত্রী সাইমন কোভেনি। এ সময় হাছান মাহমুদ ভিসা প্রক্রিয়া সহজ করার জন্যও আহ্বান জানান। কয়েক হাজার বাংলাদেশিকে বসবাসের অনুমতি দেয়ার জন্য আয়ারল্যান্ডকে ধন্যবাদ জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। পাশাপাশি, আরো বেশি বাংলাদেশি শিক্ষার্থীকে আয়ারল্যান্ডে উচ্চতর পড়াশোনার জন্য সুযোগ দেয়ার জন্য অনুরোধ করেন। কাজ করার জন্য ভিসা প্রক্রিয়া সহজ করতে সাইমন কোভেনিকে অনুরোধ করেন হাছান মাহমুদ। বাংলাদেশ-আয়ারল্যান্ড দ্বিপক্ষীয় সম্পর্ক আরো জোরদার করতে বাংলাদেশ সফরে আসার জন্য আয়ারল্যান্ডের মন্ত্রীকে ধন্যবাদ জানান বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী। নতুন উদ্যোগের মাধ্যমে পণ্য ও সেবায় দ্বিপক্ষীয় বাণিজ্য আরো বাড়ানোর পরামর্শ দেন তিনি। এছাড়া, ২০৩২ সাল পর্যন্ত বাংলাদেশকে ইউরোপীয় ইউনিয়নের (ইইউ)

বাণিজ্য অগ্রাধিকার ও ২০৩২ সালের পর জিএসপি+ সুবিধার জন্য আয়ারল্যান্ডের সমর্থন কামনা করেন। আয়ারল্যান্ডের বাণিজ্যমন্ত্রী, বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রীকে তার নতুন নিয়োগের জন্য অভিনন্দন জানান।
(ভোয়া ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ এলিনা)

**অবন্তিকার আত্মহত্যার ঘটনায় রিমান্ড শেষে কারাগারে প্রক্টর দ্বীন ইসলাম**

বাংলাদেশের জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী অবন্তিকার আত্মহত্যার ঘটনায় গ্রেপ্তার বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দ্বীন ইসলামকে একদিনের রিমান্ড শেষে কারাগারে পাঠানো হয়েছে। মঙ্গলবার (১৯ মার্চ) দুপুরে, এক দিনের রিমান্ড শেষে, দ্বীন ইসলামকে কুমিল্লা চিফ জুডিশিয়াল ম্যাজিস্ট্রেট আদালতে উপস্থাপন করে পুলিশ। পরে বিচারক মো. আবু বকর তাকে কারাগারে পাঠানোর নির্দেশ দেন। সোমবার (১৮ মার্চ) অবন্তিকার মায়ের দায়ের করা মামলায়, সহপাঠী রায়হান সিদ্দিকী আম্মানের দুইদিন ও বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর দ্বীন ইসলামের একদিন করে রিমান্ড মঞ্জুর করেন আদালত। এর আগে রবিবার (১৭ মার্চ) বিকালে ঢাকা মহানগর পুলিশের কাছে থেকে তাদেরকে গ্রহণ করে কুমিল্লা জেলা পুলিশের একটি দল। শুক্রবার (১৫) মার্চ রাতে ফেসবুকে স্ট্যাটাস দিয়ে আত্মহত্যা করেন ফাইরুজ অবন্তিকা। আত্মহত্যার খবর ছড়িয়ে পড়লে জগন্নাথ বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসে বিক্ষোভ শুরু হয়। প্রতিবাদের মুখে তাৎক্ষণিকভাবে সহকারী প্রক্টরকে অব্যাহতি এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীকে সাময়িক বরখাস্ত করে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ। এছাড়া, আইন অনুষদের ডিন মাসুম বিল্লাহকে আহ্বায়ক ও আইন কর্মকর্তা রঞ্জন কুমার দাসকে সদস্য সচিব করে চার সদস্যের তদন্ত কমিটি গঠন করে বিশ্ববিদ্যালয় প্রশাসন। (ভোয়া ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ এলিনা)

**হলমার্ক কেলেঙ্কারির ঘটনায় এমডি তানভীর ও তার স্ত্রী-সহ ৯ জনের যাবজ্জীবন কারাদণ্ড**

বাংলাদেশের আলোচিত হলমার্ক ঋণ কেলেঙ্কারির ঘটনায়, দুর্নীতি দমন কমিশনের (দুদক) দায়ের করা মামলায়, প্রতিষ্ঠানটির ব্যবস্থাপনা পরিচালক মো. তানভীর মাহমুদ ও চেয়ারম্যান জেসমিন ইসলাম-সহ ৯ জনকে যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে, সোনালী ব্যাংক ধানমন্ডি শাখার জ্যেষ্ঠ নির্বাহী কর্মকর্তা মেহেরুন্নেসা মেরি-সহ ৮ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ডের আদেশ দেয়া হয়েছে। মঙ্গলবার (১৯ মার্চ) ঢাকার বিশেষ জজ আদালত-১ এর বিচারক মো. আবুল কাশেম এই রায় ঘোষণা করেন। দুর্নীতি দমন কমিশনের প্রসিকিউটর মীর আহাম্মদ আলী সালাম এ তথ্য নিশ্চিত করেছেন। তানভীর মাহমুদ, তানভীর মাহমুদের স্ত্রী জেসমিন ইসলাম, হলমার্ক গ্রুপের মহাব্যবস্থাপক তুষার আহমেদ, টি অ্যান্ড ব্রাদার্সের পরিচালক তসলিম হাসান, ম্যাক্স স্পিনিং মিলসের মালিক মীর জাকারিয়া, প্যারাগন গ্রুপের এমডি সাইফুল ইসলাম রাজা, নকশী নিটের এমডি মো. আব্দুল মালেক, আব্দুল মতিন ও তসলিম হাসান। সাভারের হেমায়েতপুরের তেঁতুলঝোড়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মো. জামাল উদ্দিন সরকার, সোনালী ব্যাংক ধানমন্ডি শাখার জ্যেষ্ঠ নির্বাহী কর্মকর্তা মেহেরুন্নেসা মেরি, সোনালী ব্যাংকের প্রধান কার্যালয়ের সাবেক মহাব্যবস্থাপক ননী গোপাল নাথ ও মীর মহিদুর রহমান, সাবেক ব্যবস্থাপনা পরিচালক হুমায়ুন কবির, উপব্যবস্থাপনা পরিচালক মাইনুল হক, উপমহাব্যবস্থাপক সফিজউদ্দিন এবং এজিএম মো. কামরুল হোসেন খান। এই আট জনের মধ্যে, জামাল উদ্দিনকে পাঁচ বছর কারাদণ্ড দিয়েছে আদালত। বাকিদের ১৭ বছর করে কারাদণ্ড দেয়া হয়েছে। হলমার্ক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তানভীরসহ ১৮ জনের বিরুদ্ধে করা মামলার রায় ঘোষণার তারিখ ছিলো গত ২৮ ফেব্রুয়ারি। সেদিন দুদকের পক্ষ থেকে মামলাটি রায়ের পর্যায়ে থেকে বের করে, আরো দুইজনের সাক্ষ্য গ্রহণের অনুমতি চেয়ে আবেদন করা হয়। আদালত দুদকের আবেদন মঞ্জুর করে দুইজনের সাক্ষ্য গ্রহণ করে। সাক্ষীদের বক্তব্য, আত্মপক্ষ সমর্থন ও যুক্তিতর্ক শুনানি শেষে আদালত রায় ঘোষণার জন্য ১৯ মার্চ দিন ধার্য করেন। জালিয়াতির মাধ্যমে অর্থ আত্মসাতের অভিযোগ এনে, হলমার্ক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তানভীর মাহমুদসহ অন্যদের বিরুদ্ধে ২০১২ সালে ৪ অক্টোবর রাজধানী ঢাকার রমনা থানায় মামলা করে দুদক। সংশ্লিষ্ট ব্যক্তিদের বিরুদ্ধে পরস্পরের যোগসাজশে ক্ষমতার অপব্যবহার ও অর্থের অপব্যবহার, প্রতারণা, জালিয়াতি, অর্থ আত্মসাৎ এবং অর্থ পাচারের অভিযোগ আনা হয়। জালিয়াতির মাধ্যমে ৫২৫ কোটি ৬২ লাখ ৯২ হাজার ৮০০ টাকা আত্মসাতের অভিযোগ আনা হয় মামলায়। দালিলিক তথ্য বলছে, সোনালী ব্যাংক কর্মকর্তাদের সঙ্গে যোগসাজশ করে রূপসী বাংলা (সাবেক শেরাটন) হোটেল শাখা থেকে হলমার্ক মোট ২ হাজার ৬৮৬ কোটি ১৪ লাখ টাকা আত্মসাৎ করে। এর মধ্যে স্বীকৃত বিলের বিপরীতে দায় (ফান্ডেড) অর্থ হচ্ছে ১ হাজার ৫৬৮ কোটি ৪৯ লাখ ৩৪ হাজার ৮৭৭ টাকা। তদন্ত শেষে, ২০১৩ সালের ৭ অক্টোবর ১১টি মামলায় হলমার্ক গ্রুপের চেয়ারম্যান জেসমিন ইসলাম, ব্যবস্থাপনা পরিচালক তানভীর মাহমুদ, তার ভায়রা তুষার আহমেদসহ ২৬ জনের বিরুদ্ধে অভিযোগপত্র আদালতে জমা দেয়া হয়। পরে, ঢাকার জ্যেষ্ঠ বিশেষ জজ আদালত ২০১৬ সালের ১৭ ফেব্রুয়ারি ও ২৭ মার্চ অভিযুক্ত ব্যক্তিদের বিরুদ্ধে অভিযোগ গঠন করে। এই ১১টি মামলা, বিচারের জন্য ঢাকার বিশেষ জজ আদালত-১ এ বদলি করা হয়। মঙ্গলবার (১৯ মার্চ) একটি মামলার রায় ঘোষণা করা হয়েছে। বাকি মামলা বিচারাধীন রয়েছে। (ভোয়া ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ এলিনা)

# রেডিও তেহরান

## সম্পদ বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা সরিয়ে নিলে দুর্নীতি উৎসাহিত হবে: টিআইবি

সরকারি বিধিমালা ১৯৭৯ সংশোধন করে সম্পদ বিবরণী জমা দেয়ার বাধ্যবাধকতা সরিয়ে নেওয়া হলে দুর্নীতিকে উৎসাহিত করা হবে। ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ বা টিআইবি এক বিজ্ঞপ্তিতে ওই আশঙ্কার কথা ব্যক্ত করেছেন। ওই সংবাদ বিজ্ঞপ্তি টিআইবি আজ গণমাধ্যমে পাঠিয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয় এই উদ্যোগ নেয়া হলে দেশের প্রায় ১৫ লাখ সরকারি কর্মচারীকে জবাবদিহি থেকে দায় মুক্তির পাশাপাশি দুর্নীতি সুরক্ষিত ও উৎসাহিত হবে। সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী জমা দেওয়ার বিধান রহিত করে সরকারি কর্মচারী আচরণ বিধিমালা ১৯৭৯ সংশোধনের উদ্যোগ নিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। (রেডিও তেহরান:২০৩০ ১৯.০৩.২০২৪ আসাদ, বাদশা রহমান)

## হলমার্ক কেলেঙ্কারির ঘটনায় তানভীর-জেসমিনসহ নয় জনকে যাবজ্জীবন কারাদণ্ড

বাংলাদেশে বহুল আলোচিত হলমার্ক কেলেঙ্কারির মামলায় তানভীর জেসমিনসহ ৯ জনকে যাবজ্জীবন দিয়েছেন দেশটির আদালত। বাংলাদেশের সোনালী ব্যাংক থেকে প্রায় চার হাজার কোটি টাকার আলোচিত ঋণ কেলেঙ্কারির ঘটনার মামলায় হলমার্ক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তানভীর মাহমুদ এবং তার স্ত্রী ও প্রতিষ্ঠানটির চেয়ারম্যান জেসমিন ইসলামকে যাবজ্জীবন কারাদণ্ড দেওয়া হয়েছে। মঙ্গলবার ঢাকার প্রথম বিশেষ জজ আদালতের বিচারক মো. আবুল কাশেম রায়ের এই ঘোষণা করেন। একযুগ আগের ঋণ কেলেঙ্কারির ঘটনায় হলমার্ক গ্রুপের মালিক, কর্মকর্তা এবং সোনালী ব্যাংকের কর্মকর্তাদের বিরুদ্ধে ১১টি মামলা দায়ের করা হয়। এরমধ্যে একটি মামলার রায়ের জন্য গত ২৮ জানুয়ারি দিন ঠিক করা হয়। কিন্তু আরো দুজন জুডিশিয়াল ম্যাজিস্ট্রেটের সাক্ষী নেয়ার জন্য রাষ্ট্রপক্ষের আইনজীবীর আবেদন মঞ্জুর করেন আদালত। সাক্ষ্য গ্রহণ শেষে নতুন করে ১৯ মার্চ রায় ঘোষণার দিন ঠিক করা হয়েছিল। মামলায় অভিযোগ করা হয় অস্তিত্বহীন ম্যাক্স স্পিনিং মিলসের নামে প্রায় ৫২৬ কোটি টাকা ঋণ নিয়ে ১০ কোটি ৫০ লাখ টাকা আত্মসাৎ করেন আসামিরা। ২০১২ সালের ৪ অক্টোবর অভিযুক্তদের বিরুদ্ধে প্রতারণা, জালিয়াতি, অর্থ আত্মসাৎ, পরস্পরের যোগসাজশে ক্ষমতার অপব্যবহার ও অর্থের অপব্যবহার এবং পাচারের অভিযোগে রাজধানীর রমনা থানায় মামলা করে দুদক। ২০১৬ সালের ২৭ মার্চ ঢাকার মহানগর দায়রা জজ অভিযোগ গঠন করে মামলাটি বিচারের জন্য ঢাকার বিশেষ জজ আদালত-১ এ বদলির আদেশ দেন। মামলার ৮১ জনের মধ্যে ৫৭ জনের সাক্ষ্য নিয়েছেন আদালত। (রেডিও তেহরান:২০৩০ ১৯.০৩.২০২৪ আসাদ , বাদশা রহমান)

## অমানবিক দুর্দশায় রয়েছেন সৌদি প্রবাসী বাংলাদেশিরা

সৌদি প্রবাসীরা অমানবিক দুরবস্থার মধ্যে রয়েছে। কথিত ফ্রি ভিসা ও সাপ্লাই কোম্পানির ফাঁদে পড়ে অনেক সৌদি প্রবাসী অমানবিক জীবন যাপন করছেন। বাংলাদেশ থেকে প্রতিনিয়ত হাজার হাজার প্রবাসী বাংলাদেশি কাজের সন্ধানে পাড়ি জমাচ্ছেন সৌদি আরবে। বিভিন্ন পরিসংখ্যানে বলা হয়, বর্তমানে প্রায় ২৫ লাখ বাংলাদেশির বসবাস মরুর ঐ দেশটিতে। কিন্তু সেখানে কথিত ফ্রি ভিসা ও সাপ্লাই কোম্পানির ফাঁদে পড়ে দুর্বিষহ জীবন যাপন করছেন অনেক প্রবাসী বাংলাদেশি। ফ্রি ভিসায় গিয়ে মাসের পর মাস কাজ না পেয়ে এক সময় ভিসার ইকামার মেয়াদ শেষ হওয়ায় অবৈধ হয়ে পড়ছেন তারা। গত এক সপ্তাহে ২৩ হাজার ৪০ প্রবাসীকে গ্রেপ্তার করেছে সৌদি আরব সরকার। অন্যদিকে সাপ্লাই কোম্পানিগুলো কর্মীদের দিয়ে কাজ করিয়ে বেতন তুলে নিয়ে তাদেরকে কম বেতন দিয়ে থাকে বলে অভিযোগ অনেকের। পাশাপাশি অনেকের পাসপোর্টও নিয়োগ কর্তার কাছে রক্ষিত থাকায় কর্মীরা পড়ছেন ভোগান্তিতে। এমন পরিস্থিতিতে বাংলাদেশ সরকারের কাছে প্রতিকার চেয়েছেন ভুক্তভোগীরা

এসব বিষয়ে বিস্তারিত জানতে কথা হয় সৌদিআরব প্রবাসী জাফর আহমেদের সঙ্গে। তিনি জানান, বেশিরভাগ বাংলাদেশি কর্মীর কাজের নিশ্চয়তা এবং চুক্তিপত্র না থাকায় প্রতারিত হচ্ছেন সেখানে গিয়ে। আর তাবুক প্রবাসী রইসুল বলেছেন, ভালো কোম্পানির কথা বলে সাপ্লাই কোম্পানিতে কাজ করতে হয় সৌদির অনেক প্রবাসীকে। বিভিন্ন কোম্পানিতে পরিচ্ছন্ন কর্মী বা সাধারণ শ্রমিক হিসেবে ভাড়ায় কাজ করিয়ে বেতনের দুই ভাগ নিয়ে নেয় বলে অভিযোগ হাফিজুল ইসলামের। নতুন কর্মীদের বাংলাদেশ থেকে বিভিন্ন প্রলোভন দেখিয়ে চার থেকে পাঁচ লক্ষ টাকার বিনিময়ে এসব ভিসাতে এনে কাজ করিয়ে ঠিকমতো বেতন দিতে না দেওয়ার অভিযোগ করেছেন অনেক রেমিটেন্স যোদ্ধা। বেশিরভাগ ক্ষেত্রে এসব কর্মীরা বৈধতা হারিয়ে পালিয়ে বসবাস করছেন সৌদি আরবে। তারা বলছেন, একদিকে যেমন বৈধতা হারিয়ে অবৈধ হুন্ডিতে টাকা পাঠাতে হচ্ছে তাদের। আবার ফিরতে পারছেন না নিজ দেশে। তাই বিদেশগামী কর্মীদের যাচাইবাছাই করে সৌদি আরব আসার আহবান তাদের।

এ বিষয়ে রামরু'র পরিচালক মেরিনা সুলতানা বলেছেন, "কাজের চেয়ে যদি শ্রমিক বেশি হয়ে যায় তাহলে কোম্পানিগুলো প্রোফাইলে কাজ দিতে পারছে না। শ্রমিকরা এখান থেকে অনেক টাকা দিয়ে যেয়ে কাজ পাচ্ছে না এরকম সংখ্যা কিন্তু অনেক। চাহিদার চেয়ে বেশি পরিমাণে কর্মী পাঠানোর ফলে এ ধরনের সংকট তৈরী হচ্ছে।" তবে বাংলাদেশ অ্যাসোসিয়েশন অব ইন্টারন্যাশনাল রিক্রুটিং এজেন্সি বায়রার মহাসচিব বীর মুক্তিযোদ্ধা আলী হায়দার চৌধুরী বলেছেন, "যারা ব্যক্তিগত যোগাযোগে এবং নিয়মনীতির বাইরে গিয়ে কাজ করেন তাদের বিষয়ে তো সমাধানের পথ জটিল। কারণ অনেকে এক কোম্পানির ভিসায় গিয়ে অন্য কোম্পানিতে কাজ করেন, ডকুমেন্টস ফেলে

অবৈধ হয়ে পড়েন তাদের বিষয়ে মন্ত্রণালয় কিংবা এজেন্সীর করণীয় কম।" কিন্তু বৈধভাবে সৌদি আরবে গিয়ে কোনো এজেন্সীর গাফেলতিতে কেউ সমস্যায় পড়লে তাদের সরাসরি এজেন্সীর বিরুদ্ধে দূতাবাস কিংবা মন্ত্রণালয়ে অভিযোগ দেয়ার পরামর্শ দিয়েছেন বায়রা মহাসচিব। (রেডিও তেহরান:২০৩০ ১৯.০৩.২০২৪ আসাদ, বাদশা রহমান)

## এনএইচকে

### জাতিসংঘের পারমাণবিক বিতর্কের নেতৃত্ব দিয়েছেন জাপানি কূটনীতিক

জাপানের পররাষ্ট্রমন্ত্রী কামিকাওয়া ইয়োকো সোমবার জাতিসংঘের নিরাপত্তা পরিষদে পরমাণু নিরস্ত্রীকরণ সংক্রান্ত এক বৈঠকে সভাপতিত্ব করেন। কামিকাওয়া পরমাণু অস্ত্রে ব্যবহার করা যেতে পারে এমন উপকরণ উৎপাদন নিষিদ্ধ করার জন্য একটি প্রস্তাবিত কাঠামো সংক্রান্ত ধারণাগুলো ভাগাভাগি করে নেন। নিরস্ত্রীকরণ নিয়ে আন্তর্জাতিক সম্প্রদায় যেভাবে দ্বিধাবিভক্ত হয়ে পড়েছে, তা নিয়ে উদ্বেগ প্রকাশ করেন তিনি। কামিকাওয়া বলেন, জাপানি কূটনীতিকরা ফিসাইল মেটেরিয়াল কাট-অফ ট্রিটি নামে পরিচিত একটি প্রস্তাব নিয়ে আলোচনার জন্য তাদের প্রতিপক্ষকে একত্রিত করতে চান। তিনি বলেন, ইউরেনিয়াম এবং প্লুটোনিয়ামের মতো উপাদানগুলোর উৎপাদন নিষিদ্ধ করার গুরুত্ব "তর্কাতীত"। (এনএইচকে ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ এলিনা)

## ডয়চে ভেলে

### সাড়ে চার বছরে গণপিটুনিতে নিহত ২২৫

দেশে গণপিটুনিতে হত্যা বেড়ে যাচ্ছে। ২০২২ সালের তুলনায় ২০২৩ সালে গণপিটুনিতে হত্যা ৪১ শতাংশ বেড়েছে। আর ২০১৯ সালে রেনু হত্যার পর এপর্যন্ত গণপিটুনিতে নিহত হয়েছেন ২২৪ জন। বিশ্লেষকেরা একে পুলিশ ও বিচার ব্যবস্থার প্রতি আস্থাহীনতার লক্ষণ বলে মনে করছেন। ঢাকার অদূরে নারায়ণগঞ্জের সোনারগাঁ উপজেলার বগির বিল এলাকায় ডাকাত সন্দেহে চারজনকে পিটিয়ে হত্যা করা মসজিদের মাইকে ঘোষণা দিয়ে। রোববার রাত ১টার দিকে এলাকার লোকজন মাইকে ঘোষণার পর জড়ো হয়ে তাদের গণপিটুনিতে হত্যা করে। নিহতদের শরীরে ধারালো অস্ত্রের আঘাত আছে। কিন্তু এত ঘটনার পরও পুলিশ ঘটনাস্থলে যায় বেশ পরে। ততক্ষণে লাশ সরিয়ে ফেলা হয়। সোনারগাঁ উপজেলার কাঁচপুর ইউনিয়ন পরিষদের সদস্য (মেম্বার) জাকির হোসেন জানান, "আসলে আমাদের এলাকার লোকজন অতিষ্ঠ ছিলেন। এই এলাকায় প্রায়ই চুরি ডাকাতি হয়। তাদের (নিহত) অতীত রেকর্ড ভাল না। তাদের এলাকার লোকজন চিনে ফেলায় মসজিদের মাইকে সবাইকে ডাকাত পড়েছে বলে আহ্বান জানালে লোকজন জড়ো হয়ে তাদের পিটিয়ে হত্যা করে। ফোনে ফোনেও খবর দেয়া হয়। নিহতদের শরীরে ধারালো অস্ত্রেরও আঘাত আছে।" তিনজন ঘটনাস্থলেই নিহত হন। আরেকজনকে হাসপাতালে ভর্তির পর মারা যান। তারা ওই উপজেলারই বাসিন্দা। দু'জনের লাশ পরিবারের সদস্য মঙ্গলবার নিয়ে গেছে। আর দু'জনের লাশ এখনো হাসপাতালের মর্গে আছে। মঙ্গলবার পর্যন্ত কোনো মামলা হয়নি বলে পুলিশ জানায়।

ওই এলাকার বাসিন্দা এমদাদুল হক জানান, "ঘটনার দুইদিন আগে শুক্রবার রাতে আমাদের বাড়িতে ডাকাতি হয়। ডাকাতরা আমার মায়ের গয়না এবং নগদ টাকা নিয়ে যায়। ডাকাতের আঘাতে আমরা বাবা গুরুতর আহত হন। তিনি এখন হাসপাতালে চিকিৎসাধীন আছেন। ডাকাতের কারণে এলাকার লোক সতর্ক থাকেন। সন্দেহজনক এবং অপরিচিত কাউকে দেখলে জিজ্ঞাসাবাদ করেন। ওইদিন তারা বিলের মধ্যে জড়ো হচ্ছিল বলে খবর পাওয়া যায়।। দুই-একজনকে আগেই এলাকায় ঘোরাফেরা করতে দেখা গেছে।" পুলিশকে খবর না দিয়ে কেনো নিজেরাই মাইকে ঘোষণা দিয়ে ঘেরাও করল জানতে চাইলে ইউপি সদস্য জাকির হোসেন বলেন, "পুলিশ কখন আসে না আসে তার ঠিক নাই। আগেও অভিযোগ দিয়ে কোনো কাজ হয়নি।"

নারায়ণগঞ্জের অতিরিক্ত পুলিশ সুপার শেখ বিল্লাল হোসেন বলেন, "যারা নিহত হয়েছেন তারা পেশাদার ডাকাত। তাদের নামে আগেও মামলা আছে।" তার কথা, "নারায়ণগঞ্জের সোনারগাঁ এবং আড়াই হাজার ডাকাতপ্রবণ এলাকা। নদী, বিল ও দুর্গম এলাকা থাকায় ডাকাতরা সহজেই বিচরণ করতে পারে। ওইদিন তারা বিলের মধ্যে ডাকাতির জন্য জড়ো হচ্ছিল। এলাকার লোক টের পেয়ে তাদের ঘেরাও করে গণপিটুনি দেয়।" তবে তাদের কাছ থেকে পুলিশ কোনো ধরনের অস্ত্র উদ্ধার করতে পারেনি।

ইউপি সদস্য জাকির হোসেন জানান, "লাশগুলো দূরে দূরে ফেলে দেয়া হয়েছিলো। পুলিশ সারারাত তল্লাশি করে লাশ ও আহতদের উদ্ধার করে। এলাকার মানুষ ডাকাতদের উৎপাতে অতিষ্ঠ থাকায় তার বহিঃপ্রকাশ ঘটেছে।" তবে শেখ বিল্লাল হোসেন দাবি করেন, "ওই এলাকা ডাকাতপ্রবণ হলেও আইন-শৃঙ্খলা স্বাভাবিক আছে। এলাকাটা থানা থেকে বেশ দূরে। তারপরও আমরা চেষ্টা করি পুলিশ টহলসহ নানা ব্যবস্থার মাধ্যমে সাধারণ মানুষকে নিরাপত্তা দিতে।"

মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের (আসক) হিসাবে চলতি বছরের প্রথম দুই মাসে সারাদেশে গণপিটুনিতে নয়জন নিহত হয়েছেন। ২০২৩ সালে গণপিটুনিতে নিহত হয়েছেন ৫১ জন। ২০২২ সালে ৩৬ জন। ২০২১ সালে ২৮ জন। ২০২০ সালে সারাদেশে গণপিটুনিতে নিহত হন ৩৫ জন, ২০১৯ সালে ৬৫ জন। ওই বছর পদ্মা সেতুতে শিশুর রক্ত লাগবে, মানুষের মাথা লাগবে বলে গুজব ছড়ানো হয়েছিল। সেখান থেকেই ছেলে ধরা গুজব তৈরি হয়। এরপর গত

কয়েক বছরে এই ধরনের গুজব তৈরি না হলেও গণপিটুনি বন্ধ হয়নি। ২০১৯ সাল থেকে এই বছরের ফেব্রুয়ারি পর্যন্ত সারাদেশে গণপিটুনিতে নিহত হয়েছেন ২২৪ জন।

রেনু হত্যাকাণ্ডের পর সাড়ে চার বছরের বেশি পার হয়ে গেলেও এখনো বিচার কাজ শেষ হয়নি। তার ভাগ্নে সৈয়দ নাসির উদ্দিন টিটু জানান, "এখনো সাক্ষ্য গ্রহণই শেষ হয়নি। এই ঘটনায় ১৫ জন আসামিকে পুলিশ গ্রেফতার করলেও তাদের ১০ আদালত থেকে জামিন পেয়েছেন। আর ৩৮ জন সাক্ষীর মধ্যে এপর্যন্ত ১৭ জনের সাক্ষ্যগ্রহণ করা হয়েছে।" এই ঘটনায় দুইটি আদালতে বিচার কাজ চলছে। আসামিদের দুইজন অপ্রাপ্তবয়স্ক হওয়ায় তাদের বিচার চলছে নারী ও শিশু আদালতে। নাসিরউদ্দিন টিটু বলেন, "অনেক সময় পার হয়ে যাওয়ায় এখন আর সাক্ষীদের আদালতে হাজির করা যাচ্ছে না। অনেকে অন্য জায়গায় চলে গেছেন। আমি হতাশ। এই কারণে শেষ পর্যন্ত না মামলাটি আরো ঝুলে যায়।" তার কথা, "এই ধরনের ঘটনার দ্রুত এবং দৃষ্টান্তমূলক বিচার হলে গণপিটুনির ঘটনা অনেক কমে যেত।"

আইন ও সালিশ কেন্দ্রের নির্বাহী পরিচালক ফারুখ ফয়সাল বলেন, "গণপিটুনির ঘটনার আমরা কোনো বিচার হতে দেখি না। ফলে গণপিটুনিতে হত্যা থামছে না। আর এই ধরনের মামলায় শত শত আসামি হওয়ায় পুলিশও কোনো দায়িত্ব নেয় না। এখানে সরকারের কোনো স্বার্থ নাই। সেটা থাকলে পুলিশ শত শত মানুষকে গ্রেফতার করত।" তার মতে গণপিটুনি কয়েক কারণে ঘটে। প্রথমত, মানুষ যখন বিচার পায় না, অপরাধের প্রতিকার পায় না তখন আইন হাতে তুলে নেয়। এরপর গোষ্ঠীগত স্বার্থে গুজব বা অপপ্রচারের মাধ্যমে গণপিটুনি হয়। আর কিছু লোক ব্যক্তিগত স্বার্থ হাসিলের জন্য, প্রতিপক্ষকে ঘায়েল করার জন্য গণপিটুনিকে ব্যবহার করে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের আইন ও অপরাধ বিজ্ঞানের অধ্যাপক শেখ হাফিজুর রহমান বলেন, "আমাদের এখানকার মানুষের মধ্যে মব সাইকোলজি আছে। তারা কারুর ছোটখাটো অপরাধে দলবদ্ধ হয়ে তাকে নির্যাতন বা গণপিটুনি দেয়। এর কারণ হতে পারে ওইসব অপরাধ বেড়ে যাওয়া, পুলিশ কোনো ব্যবস্থা না নেয়া। তবে সংঘবদ্ধভাবেও এই গণপিটুনি হয় পরিকল্পনা করে, গুজব ছড়িয়ে। যেটা আমরা পদ্মাসেতু নির্মাণের সময় দেখেছি। আবার গ্রামে মোড়লরা সালিশি করেও এই ঘটনা ঘটায়। তখন সেটা হয় নির্মম ও ভয়ংকর।" তিনি মনে করেন, "গণপিটুনি বন্ধে মানুষকে সচেতন ও মানবিক করে তুলতে হবে। আর কোনো অপরাধের সময় পুলিশ যদি ঠিক সময়ে সক্রিয় হলেও তা কাজে দেয়। তবে এত মানুষের দেশে সেটা কতটা সম্ভব সেটাই ভাবার বিষয়। ফারুখ ফয়সালের মতে, "গণপিটুনি বেড়ে যাওয়া খারাপ লক্ষণ। এতে বোঝা যায় মানুষ পুলিশ ও বিচারের প্রতি আস্থা হারাচ্ছে। আবার মানুষ মানুষের প্রতি অমানবিক হচ্ছে।" (ডয়চে ভেলে ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ নারগীস)

## রেডিও টুডে

### নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম ক্রয়সীমার মধ্যে রাখতে সরকারের সামান্যতম কমতি নেই: কাদের

নিত্য প্রয়োজনীয় পণ্যের দাম ক্রয়সীমার মধ্যে রাখতে সরকারের সামান্যতম কমতি নেই বলে দাবি করেছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের। আজ মঙ্গলবার দুপুরে রাজধানীর বঙ্গবন্ধু এভিনিউয়ে দলের কেন্দ্রীয় কার্যালয়ে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি একথা বলেন। এ সময় কাদের আরো বলেন, বিএনপি বন্ধু রাষ্ট্রের কাছে সাহায্য চাওয়া মানেই তাদের ক্ষমতায় বসানো নয়; একমাত্র জনগণই তাদের ক্ষমতায় বসাতে পারে। এর জন্য নির্বাচনে অংশগ্রহণ করাটা জরুরি। এ সময় ক্রিকেটার সাকিব আল হাসানের নির্বাচনের আগে কিংস পার্টি খ্যাত বিএনএম-এ যোগদানের ব্যাপারে কিছু জানেন না বলে দাবি করেন ওবায়দুল কাদের। ওবায়দুল কাদের বলেন, আমি বিষয়টি গণমাধ্যমে দেখেছি। এ সম্পর্কে আমার কিছু জানা ছিল না। এখন সাকিব আওয়ামী লীগের টিকেটে নির্বাচন করেছে জয়লাভও করেছে। নমিনেশন চাওয়ার সময় সে দলের প্রাথমিক সদস্য হয়েছেন। (রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

### ডেঙ্গু ও চিকুনগুনিয়ার যথাযথ চিকিৎসা সেবা দিতে দেশের সব হাসপাতালগুলো প্রস্তুত রাখার নির্দেশ

ডেঙ্গু ও চিকুনগুনিয়া রোগীদের সময় মত যথাযথ চিকিৎসা সেবা দিতে দেশের সব হাসপাতাল প্রস্তুত রাখার নির্দেশ দিয়েছে। মঙ্গলবার সচিবালয়ে ডেঙ্গু ও চিকুনগুনিয়া নির্মূলে করণীয় বিষয় নিয়ে ঢাকার দুই সিটি কর্পোরেশনের মেয়রদের সঙ্গে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে এ তথ্য জানান স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী ডাক্তার সামন্ত লাল সেন।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

### বৃষ্টির মধ্যে কারিগরি জটিলতায় আধা ঘণ্টা বন্ধ ছিল মেট্রোরেল

বৃষ্টির মধ্যে কারিগরি জটিলতায় প্রায় আধা ঘণ্টা বন্ধ ছিল মেট্রোরেল। মঙ্গলবার বিকেলে রাজধানীর বিভিন্ন এলাকায় দমকা হওয়ার সঙ্গে শুরু হয় ঝুম বৃষ্টি। এর মধ্যে পৌনে পাঁচটার দিকে ট্রেন চলাচল বন্ধ হয়ে যায়। এতে ইফতারের আগে ভোগান্তিতে পড়েন ঘরমুখী হাজারো মানুষ। এ সময় স্টেশনগুলোতে যাত্রীদের উপচে পড়া ভিড় দেখা যায়। পরে বিকেল ৫:১৯ মিনিটের দিকে আবারো স্বাভাবিক হয় মেট্রোরেলের চলাচল।
(রেডিও টুডে: ২১৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

**বিএনপি জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে সহযোগিতা চায়, এটি দুঃখজনক: পররাষ্ট্রমন্ত্রী**

পররাষ্ট্রমন্ত্রী এবং আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক ডক্টর হাছান মাহমুদ বলেছেন, বিএনপি জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে সহযোগিতা চায়। এটি খুব দুঃখজনক। মঙ্গলবার দুপুরে পররাষ্ট্র মন্ত্রণালয়ে ব্রিফিংয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে মন্ত্রী এ কথা বলেন। এক প্রশ্নের জবাবে ডক্টর হাছান মাহমুদ বলেন বিএনপি এখন নড়বড়ে হয়ে গেছে। কর্মীদের ওপর নেতাদের আস্থা কমে গেছে। গয়েশ্বর চন্দ্র রায়েরা এখন নিজেদের অস্তিত্ব জানান দেয়ার জন্য কথাবার্তা বলেন। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

**বর্তমান সরকারের কোনো নৈতিকতা নেই; এরশাদের আমলেও এত নিষ্ঠুরতা ছিল না: গয়েশ্বর চন্দ্র**

বর্তমান সরকারের কোনো নৈতিকতা নেই। এরশাদের স্বৈরাচারী আমলেও এত নিষ্ঠুরতা ছিল না বলে মন্তব্য করেছেন বিএনপির স্থায়ী কমিটির সদস্য গয়েশ্বর চন্দ্র রায়। তিনি বলেন, বাংলাদেশের গণতন্ত্র কোমায় আছে। গণতন্ত্র পুনরুদ্ধার করতে হলে একত্রিত হয়ে লড়াই করতে হবে। মঙ্গলবার দুপুরে জাতীয় প্রেসক্লাবে বাংলাদেশ ইয়ুথ ফোরাম আয়োজিত গণতন্ত্র ও গণমাধ্যমের স্বাধীনতা প্রেক্ষিতে বাংলাদেশ শীর্ষক আলোচনা সভায় এ কথা বলেন তিনি। এই আলোচনা সভায় বক্তারা দাবি করেন, সরকারের চাপে গণমাধ্যম সঠিক তথ্য তুলে ধরতে পারছে না। সমালোচনা করলে সাংবাদিকদের জেল খাটতে হচ্ছে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

**বিএনপি ৭ই জানুয়ারির নির্বাচন বানচাল করতে চেয়েছিল: তথ্য প্রতিমন্ত্রী**

বিএনপি ৭ই জানুয়ারির নির্বাচন বানচাল করতে চেয়েছিল বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী অধ্যাপক মোহাম্মদ আলী আরাফাত। তিনি বলেন, নির্বাচন বানচালে বিএনপি সফল হলে দেশে অগণতান্ত্রিক শক্তির উত্থান হতো। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মবার্ষিকী ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে মঙ্গলবার রাজধানীতে এক ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে এ কথা বলেন তিনি। তথ্য ও প্রতিমন্ত্রী আরো বলেন, বিএনপির নির্বাচন বানচালের ষড়যন্ত্র আওয়ামী লীগ এদেশের জনগণকে নিয়ে ব্যর্থ করে দিয়েছে।
(রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

**দেশের বাজারে ভালো মানের সোনার দাম ভরিতে ১৭৫০ টাকা কমানো হয়েছে**

দেশের বাজারে ভালো মানের সোনার দাম ভরিতে ১৭৫০ টাকা কমানো হয়েছে। এতে স্বর্ণের ভরি নির্ধারণ করা হয়েছে ১ লাখ ১১ হাজার ১৫৮ টাকা। বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন বাজুস আজ মঙ্গলবার এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে। আগামীকাল বুধবার থেকে নতুন এ দাম কার্যকর হবে। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

**হাইকোর্ট ৯০ দিনের মধ্যে গুলশানের বাড়ি ছাড়া নির্দেশ দিয়েছেন সালাম মোর্শেদীকে**

সালাম মোর্শেদীকে ৯০ দিনের মধ্যে গুলশানের বাড়ি ছাড়ার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। মঙ্গলবার দুপুরে বিচারপতি মোঃ নজরুল ইসলাম তালুকদার ও বিচারপতি কাজী ইবাদত হোসেনের হাইকোর্ট বেঞ্চ এই রায় দেন। রায় পাওয়ার তিন মাসের মধ্যে তাকে বাড়ি ছাড়তে হবে রিট কারি আইনজীবী ব্যারিস্টার অনিক আরহাউ জানান নিজের ক্ষমতা ব্যবহার করে অবৈধভাবে এতদিন বাড়িটি দখল করে রেখেছেন সালাম মোর্শেদী। আদালতে জালিয়াতি কাগজ দেখিয়েছেন তিনি রায়ে বলা হয় নিঃসন্দেহে এটি সরকারের পরিত্যক্ত সম্পত্তি। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সম্পত্তি হস্তান্তর অবৈধ। এদিকে রায় চ্যালেঞ্জ করে সালাম মোর্শেদী আপিল করবেন বলে জানান তারা আইনজীবী সাঈদ আহমেদ রাজা। (রেডিও টুডে: ১৮৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ রুবাইয়া)

**সোনালী ব্যাংকের ঋণ জালিয়াতির ঘটনায় হলমার্ক গ্রুপের নয়জনকে যাবজ্জীবন দিয়েছে আদালত**

সোনালী ব্যাংকের ঋণ জালিয়াতির ঘটনায় করা মামলায় হল-মার্ক গ্রুপের ব্যবস্থাপনা পরিচালক তানভীর মাহমুদ ও তার স্ত্রী এবং চেয়ারম্যান জেসমিন ইসলামসহ নয়জনের যাবজ্জীবন কারাদণ্ড দিয়েছেন আদালত। একই সঙ্গে তাঁদের পাঁচ কোটি টাকা জরিমানা করেছেন আদালত। এ ছাড়া সোনালী ব্যাংকের সাবেক ব্যবস্থাপনা পরিচালক হুমায়ুন কবির-সহ ৮ জনকে বিভিন্ন মেয়াদে কারাদণ্ড দিয়েছেন আদালত। ঢাকার বিশেষ জজ আদালত-১-এর বিচারক আবুল কাসেম মঙ্গলবার এই রায় ঘোষণা করেন। গত ২৮শে জানুয়ারি মামলার যুক্তি তর্ক-শুনানী শেষে আদালত রায়ের জন্য ২৮ ফেব্রুয়ারি দিন ঠিক করেছিলেন। তবে ওইদিন রায় থেকে মামলাটি উত্তোলন করে আরো দুইজন সাক্ষীর সাক্ষ্য গ্রহণের জন্য দুদকের পক্ষ থেকে আবেদন করা হলে আদালত তা মঞ্জুর করেন। পরে গত ১২ই মার্চ আদালত, দুদক ও আসাম পক্ষের যুক্তিতর্ক উপাস্থাপন শেষে রায়ের জন্য আজকের দিন ধার্য করেন। ২০১২ সালের ৪ অক্টোবর আসামিদের বিরুদ্ধে প্রতারণা, জালিয়াতি, অর্থ আত্মসাৎ ও পাচারের অভিযোগে রাজধানীর রমনা থানায় মামলা করেছিল দুদক।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ আসাদ)

**সাকিবের বিএনএম-এ যোগদানের বিষয়ে আমার কিছু জানা নেই: ওবায়দুল কাদের**

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের আগে জাতীয় ক্রিকেট দলের সাবেক অধিনায়ক সাকিব আল হাসান কিংস পার্টিতে যোগ দিতে বিএনপির ভাইস চেয়ারম্যান মেজর (অব.) হাফিজ উদ্দিন আহমেদের বাসায় গিয়েছিলেন। বাংলাদেশ জাতীয়তাবাদী আন্দোলন বিএনএম এর ফরম পূরণ করে হাফিজের কাছে জমা দিয়েছিলেন সাকিব। এমন একটি ছবি ও খবরে রাজনৈতিক অঙ্গনে তোলপাড় সৃষ্টি হয়েছে। এ বিষয়ে দৃষ্টি আকর্ষণ করা হলে আওয়ামী লীগের সাধারণ

সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, এ নিয়ে কোনো কিছু জানেন না তিনি। মঙ্গলবার বেলা সাড়ে ১১টায় রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউতে দলের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে তিনি একথা বলেন। সাকিব আল হাসান পরবর্তীতে ইউটার্ন নিয়ে আওয়ামী লীগে যোগ দিয়ে নৌকার টিকিট নিয়ে মাগুরা-১ আসন থেকে এমপি নির্বাচিত হন। সাকিব আল হাসান বিএনএমের সদস্য হয়ে আওয়ামী লীগ থেকে কীভাবে সংসদ সদস্য হয়েছেন—এ বিষয়ে জানতে চাইলে ওবায়দুল কাদের বলেন, সাকিব আওয়ামী লীগের টিকিটে মাগুরা থেকে নির্বাচন করেছে, জয় লাভ করেছে। পার্টির কাছে মনোনয়ন চাওয়ার সময় সে পার্টির সদস্য। তার আগে তো সাকিব আমাদের পার্টির কেউ ছিল না। নমিনেশন যখন নেয় তখন তাকে তো প্রাইমারি সদস্য পদ নিতে হয়। সে শর্ত পূরণ করা দরকার সেটা সে করেছে। সেভাবেই আমরা মনোনয়ন দিয়েছি। সে এমপি হয়েছে নির্বাচনে। আমি এই বিষয়ে আর কিছু জানি না
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ আসাদ)

**সাকিব আল হাসানের সঙ্গে ছবি প্রসঙ্গে ঘুরিয়ে-পেঁচিয়ে কথা বললেন হাফিজ**

বিএনপি'র ভাইস চেয়ারম্যান মেজর (অব:) হাফিজ উদ্দিন বলেছেন, সাকিব আল হাসান ও আমার একটা ছবি নিয়ে চাঞ্চল্যোর সৃষ্টি হয়েছে। এটি নিয়ে মনের মাধুরী মিশিয়ে কয়েকটি সংবাদপত্র নানা ধরনের সংবাদ প্রকাশ করছে। মঙ্গলবার বনানীতে নিজ বাসায় এক সংবাদ সম্মেলনে এসব কথা বলেন তিনি। মেজর হাফিজ বলেন, আমি ৩৭ বছর ধরে রাজনীতি করছি। দুইবার মন্ত্রী ও ৬ বার এমপি ছিলাম। ঐসব সংবাদে আমার ভাবমূর্তি ক্ষুণ্ণ করার অপচেষ্টা লক্ষ্য করছি। সাকিব আল হাসান-এর সঙ্গে নিজের ছবি প্রসঙ্গে তুলে ধরে তিনি বলেন, এই ব্যাকগ্রাউন্ড হচ্ছে বাংলাদেশের রাজনীতি অত্যন্ত নোংরা। দেশে কোনো গণতন্ত্র নেই, এখানে নানা ধরনের কলাকৌশল করা হয়। যে দলই ক্ষমতা থাকে তারা প্রতিপক্ষকে নানা নির্যাতন করে। সেখান থেকে কিছু লোক বাগিয়ে এনে নিজের দলে কিংবা অন্য দলের সন্নিবেশ করে নির্বাচনি বৈতরণি পার হতে চায়। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ আসাদ)

**সরকারের বেধে দেওয়া দামে ২৯টি পণ্য বিক্রি করা সম্ভব নয় : বাংলাদেশ দোকান মালিক সমিতি**

সরকারের কৃষি বিপণন অধিদপ্তর থেকে খুচরা পর্যায়ে ২৯টি পণ্যের দাম নির্ধারণ করে দেয়াকে অবিবেচনা, অসার, অর্থহীন ও কল্পনা প্রসূত আখ্যা দিয়েছে বাংলাদেশ দোকান মালিক সমিতি। একই সাথে কৃষি বিপণন অধিদপ্তরকে নির্ধারণ করে দেয়া পণ্যগুলো বিক্রি করার দাবি জানিয়েছে সমিতি। মঙ্গলবার দোকান মালিক সমিতির কেন্দ্রীয় দপ্তরে সংবাদ সম্মেলনে এসব কথা জানান সমিতির সভাপতি হেলাল উদ্দিন। সম্প্রতি খুচরা বাজারে মাছ, মাংস, ডিম, ডাল ও সবজির মত ২৯টি পণ্যের খুচরা পর্যায়ে মূল্য নির্ধারণ করে দিয়েছে কৃষি বিপণন অধিদপ্তর। বিষয়টিতে হেলাল উদ্দিন বলেন, মুক্তবাজার অর্থনীতিতে দাম নির্ধারণ করে দেওয়া যায় না। হয় তাদের বেঁধে দেওয়া দামে কৃষি বিপণন অধিদপ্তরকে বিক্রি করতে হবে, না হলে এই প্রজ্ঞাপন স্থগিত করতে হবে। আমরা এই দামে জিনিসপত্র বিক্রি করতে পারব না। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ আসাদ)

**স্বাস্থ্যখাতে এখন থেকে কথা কম, কাজ বেশি হবেঃ স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যখাতে এখন থেকে কথা কম কাজ বেশি হবে বলে জানিয়েছেন স্বাস্থ্যমন্ত্রী ডা. সামন্ত লাল সেন। তিনি বলেছেন, কথা কম, কাজ বেশি করতে চাই। তাহলে জাতির পিতার প্রতি শ্রদ্ধা জানানো এবং তার ইচ্ছা পূরণ হবে। মঙ্গলবার রাজধানীর শাহবাগে বঙ্গবন্ধু শেখ ফজিলাতুন্নেছা মুজিব কনভেনশন হলে জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে আলোচনা সভায় তিনি এ কথা বলেন। (রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ আসাদ)

**টাঙ্গাইলের নাগরপুরে ছাত্রলীগ নেতাকে বাড়ি থেকে ডেকে নিয়ে হত্যা**

টাঙ্গাইলের নাগরপুরে বাড়ি থেকে ডেকে নিয়ে জাহিদ খান ঝলক নামে এক ছাত্রলীগ নেতাকে কুপিয়ে হত্যা করা হয়েছে। তার প্রতিপক্ষরা এই হত্যা জড়িত বলে অভিযোগ উঠেছে। সোমবার রাত নয়টার দিকে উপজেলার সলিমাবাদ ইউনিয়নের মধ্যপাড়া এলাকায় জাহিদের নিজ বাড়ির সামনে এই ঘটনা ঘটে। নিহত ঝলক উপজেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক ছিলেন। নাগরপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা এইচ এম জসিম উদ্দিন জানান, সোমবার রাতে জাহিদ তারাবির নামাজ পড়ে বাড়ি যান। রাত নয়টার দিকে কয়েকজন যুবক তাকে বাড়ি থেকে ডেকে বের করে। বাড়ি থেকে বের হওয়ার পর তাকে ধারালো অস্ত্র দিয়ে কুপিয়ে ফেলে রেখে যায়। পরে স্থানীয় লোকজন তাকে গুরুতর অবস্থায় উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে গেলে কর্তব্য চিকিৎসক তাকে মৃত্যু ঘোষণা করেন।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ১৯.০৩.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**আন্তর্জাতিক অভিযান বন্ধে নাবিকদের ওপর চাপ বাড়াচ্ছে জলদস্যুরা**

ভারত মহাসাগর থেকে ছিনতাই হওয়া বাংলাদেশি জাহাজ এমভি আবদুল্লাহ উদ্ধারে জলদস্যুদের ওপর যৌথভাবে চাপ বাড়িয়েছে ইউরোপীয় ইউনিয়ন ও ভারতীয় নৌবাহিনী। এতে আগের অবস্থান বদলে উপকূলের দেড় নটিক্যাল মাইলের মধ্যে জাহাজ নিয়ে গেছে জলদস্যুরা। একইসঙ্গে দুই নৌ-বাহিনীকে অভিযান পরিচালনা থেকে বিরত রাখতে জিম্মি নাবিকদের ওপর চাপ বাড়াচ্ছে তারা। মঙ্গলবার (১৯ মার্চ) সন্ধ্যায় দেশের সিনিয়র নাবিক ক্যাপ্টেন আতিক ইউএ খান এসব তথ্য জানিয়েছেন। ক্যাপ্টেন আতিক বলেন, গত দু'দিন আন্তর্জাতিক নৌবাহিনী এমভি আবদুল্লাহকে বেশ চাপের

মুখে রেখেছে। যুদ্ধ জাহাজগুলো এমভি আবদুল্লাহ'র দেড় মাইলের মধ্যে অবস্থান নিয়েছে। ফলে জলদস্যুরা জাহাজের নোঙর তুলে আরও ভেতরে চলে গিয়ে তীরের মাত্র দেড় মাইল দূরে নোঙর করেছে। জলদস্যুরা এটাও বলেছে যে, বাড়াবাড়ি করলে জাহাজ তীরে তুলে দেবে। তবে দুই নৌবাহিনী এখনো বিভিন্নভাবে তাদের অবস্থান জানান দিচ্ছে। তিনি বলেন, নৌ-বাহিনীর চাপে নাবিকদের এখন ২৪ ঘণ্টাই জাহাজের ব্রিজে অবস্থান করতে হচ্ছে। এছাড়া মাঝেমধ্যে ভিএইচএফ (ওয়াকি-টকি) ব্যবহার করে নৌবাহিনীকে অনুরোধও জানাতে হচ্ছে যেন কাছে না আসে। জাহাজের অভ্যন্তরীণ অবস্থার কথাও জানিয়ে ক্যাপ্টেন আতিক বলেছেন, 'জলদস্যুদের অধিকাংশই এখন নিজেদের জন্য স্থানীয় খাবারের ব্যবস্থা করছেন। এতে জাহাজের খাবার হয়তো ক'দিন বেশি যেতে পারে। অন্যদিকে, জাহাজের নাবিকরাও খাবার বেশি দিন চালিয়ে নেওয়ার জন্য ডিনার করছেন না।' 'এখন মূলত ইফতার আর সেহেরি তৈরি হচ্ছে সবার জন্য। সচরাচর জাহাজে যেভাবে একাধিক তরকারি তৈরি হয়, সেটা পরিহার করা হচ্ছে।

নাবিকদের অনেকে ত্বকে অ্যালার্জিতে ভুগছেন জানিয়ে তিনি বলেন, 'পানি রেশনিং এবং সবসময় ব্রিজে অবস্থান করায় সবার পক্ষে নিয়মিত গোসল এবং কাপড় ধোয়া সম্ভব হচ্ছে না। ফলে নাবিকদের কারো কারো ত্বকে অ্যালার্জি দেখা দিয়েছে। এছাড়া ব্রিজে শুধু একটি বাথরুম, যা ২৩ জন নাবিক ছাড়া ২৫-৩০ জন জলদস্যু ব্যবহার করছে। ফলে বাথরুম নিয়মিত পরিষ্কার করা আর ব্যবহার করা খুবই কঠিন হয়ে যাচ্ছে বলে জানিয়েছেন নাবিকরা।' অন্যদিকে, সোমালিয়ার আধা-স্বায়ত্তশাসিত অঞ্চল পুন্টল্যান্ড রাজ্যের নিরাপত্তা বাহিনী পুন্টল্যান্ড সিকিউরিটি ফোর্স (পিএসএফ) জানিয়েছে, তারা দুইজন জলদস্যু গ্রেফতার করেছেন, যারা এমভি আবদুল্লাহতে দস্যুদের জন্য মাদক নিয়ে যাচ্ছিল। পিএসএফ জলদস্যুতার অবসানে যৌথ বাহিনীকে সবধরনের সহায়তা করতে প্রস্তুত। তবে জাহাজের মালিকপক্ষ কবির গ্রুপ এবং সরকার, নাবিকদের নিরাপত্তাকে সবচেয়ে বেশি গুরুত্ব দিচ্ছে। এ বিষয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ের মেরিটাইম অ্যাফেয়ার্স সচিব রিয়ার অ্যাডমিরাল (অব.) মো. খুরশেদ আলম বলেছিলেন, 'আমরা নেগোশিয়েশন করছি, কীভাবে শান্তিপূর্ণ উপায়ে নাবিক ও ক্রুদের কোনো ক্ষতি ছাড়াই জাহাজটি উদ্ধার করা যায়।' এছাড়া ছিনতাই হওয়া জাহাজ ও জিম্মি নাবিকদের উদ্ধারে 'মধ্যস্থতাকারী' নিয়োগের পরিকল্পনার কথা জানিয়েছিল জাহাজের মালিক কবির গ্রুপ।

বাংলাদেশি মার্চেন্ট মেরিন অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি ক্যাপ্টেন এম আনাম চৌধুরী বলেন, 'সোমালিয়া কোস্ট লাইনের ভেতরে এমন অভিযান খুব ঝুঁকিপূর্ণ হবে। সোমালিয়া কোস্টের ভেতর যতগুলো জাহাজ ছিল আজ পর্যন্ত কোনো জাহাজ পিসফুল নেগোসিয়েশন ছাড়া মুক্ত করা সম্ভব হয়নি। মাল্টিজ জাহাজ রুয়েন, যেটি ভারতীয় বাহিনী উদ্ধার করেছে, সেটিও যদি তাদের কোস্ট থেকে বের না হতো, তবে উদ্ধার করা সম্ভব হতো না।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## সাকিবের বিএনএমে যোগদানের বিষয়টি জানা ছিল না : সেতুমন্ত্রী

আওয়ামী লীগের সংসদ সদস্য ক্রিকেটার সাকিব আল হাসানের নির্বাচনের আগে কিংস পার্টি খ্যাত বিএনএমে যোগদানের বিষয়ে দলটির সাধারণ সম্পাদক এবং সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেন, 'আমি বিষয়টি মিডিয়ায় দেখেছি। এ সম্পর্কে আমার কিছু জানা ছিল না।' তিনি বলেন, 'এখন সাকিব আওয়ামী লীগের টিকিটে মাগুরা থেকে নির্বাচন করেছে, জয়লাভও করেছে। নমিনেশন পার্টির কাছে যাওয়ার সময় সে দলের প্রাথমিক সদস্য। তার আগে তো সাকিব আমাদের দলের কেউ ছিল না। নমিনেশন দেওয়ার সময় প্রাথমিক সদস্য পদ দিতে হয়। এর আগের বিষয়টা জানি না।' ওবায়দুল কাদের বলেন, 'বিএনপির নেতারা ক্লান্ত, কর্মীরা হতাশ। এ অবস্থায় গালিগালাজ করা ছাড়া তাদের করার কিছু নেই। দলটি এখন ইফতার পার্টির নামে সরকারের অন্ধ সমালোচনা করছে। রাজধানীতে আওয়ামী লীগের কেন্দ্রীয় কার্যালয়ে এক সংবাদ সম্মেলনে ওবায়দুল কাদের বলেন, 'বিএনপি ইফতার পার্টি করে, এটাকে ইফতার পার্টি বলবো নাকি গিবত পার্টি বলবো। আওয়ামী লীগের গিবত করার জন্যই ইফতার পার্টি। স্রষ্টার প্রশংসার জন্য নয়, ইফতার পার্টির নামে ঢালাওভাবে সরকারের সমালোচনা করে।' আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'এখানে বিএনপি মিথ্যা বললে, জবাব তো দিতেই হবে। তারা মিথ্যা কথা বলা বন্ধ করুক। তাহলে ক্ষমা চাওয়ার প্রয়োজন নেই। আমরা গায়ে পড়ে কিছু বলতে যাব না।' আওয়ামী লীগের বিরুদ্ধে বিএনপিকে ভাঙার অভিযোগ নিয়ে এক বিএনপি নেতার বক্তব্যের বিষয়ে ওবায়দুল কাদের বলেন, 'বিএনপিকে আমরা কেন ভাঙতে যাব? আমাদের কি কোনো দুর্বলতা আছে যে বিএনপি থেকে লোক এনে সে ঘাটতি পূরণ করতে হবে। আওয়ামী লীগের বহু লোক। গত নির্বাচনে দেখেছেন প্রার্থিতা ফর্ম নিতে কত ভিড়। আওয়ামী লীগে কোনো দুর্ভিক্ষ নেই।' গত জাতীয় নির্বাচনে কিংস পার্টির সৃষ্টি নিয়ে সরকারের ভূমিকা আছে কি না এমন প্রশ্নের জবাবে সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী বলেন, 'সরকারি দল কিংস পার্টি করতে যাবে কেন? নির্বাচনকে সামনে রেখে রাজনৈতিক দলের এখানে অনেক ফুল ফোটে। কোনটা কিংস পার্টি, কোনটা প্রজা পার্টি এ সম্পর্কে আমাদের কিছু জানা নেই। আমরা প্রত্যেককে রাজনৈতিক দল হিসেবে দেখি। নির্বাচন কমিশন তাদের নিবন্ধন দেয়। বাংলাদেশের গণতন্ত্র উদ্ধারে প্রতিবেশী বন্ধু রাষ্ট্রের সহযোগিতা চাওয়া নিয়ে বিএনপির এক নেতার বক্তব্যর বিষয়ে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক বলেন, 'তারা বন্ধু রাষ্ট্র বলতে ভারতকে বুঝিয়েছে। গণতন্ত্র তো আমাদের ঠিকই আছে। নির্বাচনও হয়েছে। বিএনপির বন্ধুপ্রতিম দেশের কাছে সাহায্য চাওয়ার অর্থ তাদের ক্ষমতায় বসিয়ে দেওয়া। নির্বাচন ছাড়া তাদের কেউ ক্ষমতায় বসাবে এটা তো হতে পারে না। ক্ষমতায় বসাবে দেশের জনগণ। জনগণের সমর্থন ছাড়া সরকার পরিবর্তন সম্ভব নয়।' বাংলাদেশের গণতন্ত্রের

মানদণ্ড নিয়ে মার্কিন নির্বাচনি পর্যবেক্ষক দলের প্রতিবেদন বিষয়ে ওবায়দুল কাদের বলেন, 'দেশের গণতন্ত্রের বিষয়ে আমাদের একটা মানদণ্ড আছে। পৃথিবীর কেউ পারফেক্ট নয়। আমরাও সেই দাবি করি না। আমেরিকার এক সাবেক প্রেসিডেন্ট বলেছেন 'আমি নির্বাচিত না হলে রক্ত বন্যা বয়ে যাবে।' এটা কোন গণতন্ত্র? নির্বাচিত প্রেসিডেন্টকে সাবেক প্রেসিডেন্ট আজ পর্যন্ত মেনে নেয়নি। কাজে মানদণ্ড বোঝা মুশকিল। আমাদের দেশে ২১ বছর সামরিক শাসক এবং তার অনুসারীরা ক্ষমতায় ছিল। দেশে গণতন্ত্রের চর্চা ছিল না। গণতন্ত্রের নামে যারা ক্ষমতায় বসেছে তারা ১৫ই ফেব্রুয়ারি মার্কা প্রহসনের নির্বাচন করেছে। রাষ্ট্রপতি নির্বাচনে হা না ভোট আরেকটা প্রহসন। যারা ওয়ান ইলেভেনের সময় ১ কোটি ২৩ লাখ ভুয়া ভোটার করেছে পরবর্তী নির্বাচনের জন্য। সেখান থেকে অস্বাভাবিকভাবে সরকার দুই বছর ক্ষমতায় থেকেছে। কাজে আমাদের মানদণ্ড ভিন্নতর।' এ সময় ২৯টি পণ্যের মূল্য নির্ধারণ নিয়ে তিনি জানান, সরকারের বেঁধে দেওয়া কিছু পণ্যের দাম এরই মধ্যে কমেছে। অন্যান্য পণ্যের দামও মানুষের ক্রয়ক্ষমতার মধ্যে রাখতে সরকারের চেষ্টার কোনো কমতি নেই, অপেক্ষা করুন। চেষ্টা করলে ফল পাওয়া যাবে। সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক বি এম মোজাম্মেল হক, মির্জা আজম, দফতর সম্পাদক ব্যারিস্টার বিপ্লব বড়ুয়া, উপ-দফতর সম্পাদক সায়েম খান-সহ কেন্দ্রীয় আওয়ামী লীগের নেতারা।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## সারাদেশে সব হাসপাতাল প্রস্তুত রাখার নির্দেশ : স্বাস্থ্যমন্ত্রী

ডেঙ্গুরোগীদের সময়মতো ও যথাযথ চিকিৎসাসেবা দিতে সারাদেশের সব হাসপাতাল প্রস্তুত রাখার নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণমন্ত্রী ডা. সামন্ত লাল সেন।ডেঙ্গুর প্রজনন ও বিস্তার কীভাবে হয় সে বিষয়ে মানুষকে সচেতন করা হবে জানিয়ে তিনি বলেন, 'আমরা প্রিভেনশন নেব প্রতি ওয়ার্ডে, মানুষকে সচেতন করা, মানুষকে বোঝানো যে ডেঙ্গু কীভাবে হয়।' মঙ্গলবার, ১৯শে মার্চ সচিবালয়ে স্বাস্থ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে ডেঙ্গু ও চিকুনগুনিয়া নির্মূলে করণীয় বিষয় নিয়ে ঢাকার দুই সিটি কর্পোরেশনের মেয়রের সঙ্গে আন্তঃমন্ত্রণালয় বৈঠক শেষে তিনি এসব কথা বলেন। স্বাস্থ্যমন্ত্রী বলেন, 'নির্দেশ দেওয়া হচ্ছে যেন হাসপাতালগুলো প্রস্তুত রাখা হয়। রোগীরা যখন ডেঙ্গু আক্রান্ত হন বা জ্বর হয় তারা যেন দ্রুত হাসপাতালে আসেন। অনেক সময় দেখা যায় অনেক দেরিতে আসেন। তখন কিছু করা যায় না। এই মেসেজগুলো আমরা দিচ্ছি।' ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের মেয়র মোঃ আতিকুল ইসলাম বলেন, 'আমরা প্রথমে ঠিকাদারের মাধ্যমে বিটিআই এনেছিলাম। যার মূল্য ছিল ৮৫ লাখ টাকা। টেস্ট কেস হিসেবে বিটিআই আনা হয়েছিল। কিন্তু বিটিআই দেখেছি ৫ টন। যে ঠিকাদার নিয়ে এসেছেন সে এটাকে মিস ডিক্লিয়ারেশন করেছেন এবং যা ইচ্ছে তাই করেছেন। সোশ্যাল মিডিয়ায় বলেছেন আমরা হাজার হাজার কোটি টাকা বানিয়ে ফেলেছি। সেই ৫ টন বিটিআই আদালতের নির্দেশনার কারণে ব্যবহার করিনি। যে ঠিকাদার সে একবার জেলে যান, একবার জামিন নেন, এটা আদালতের ব্যাপার।' তিনি বলেন, 'আমরা এজন্য এখন ঢাকা উত্তর সিটি কর্পোরেশন সরাসরি প্রথমবারের মতো বিটিআই আমদানি করতে যাচ্ছি। আজ এখানে যারা বিশেষজ্ঞ আছেন ওনারাও বলেছেন কীভাবে অর্গানিক, বায়োলজিক্যাল ট্রিটমেন্ট করা যায়। বিটিআই হচ্ছে বায়োলজিক্যাল ট্রিটমেন্টের মধ্যে উত্তম প্রস্তাব। এটি নিয়ে অমরা অলরেডি কাজ করেছি।' আতিকুল ইসলাম বলেন, 'স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে প্রথমবারের মতো এন্টামোলজি দিচ্ছে। রমজানের পরই আমরা এটা নিয়ে কাজ শুরু করব।' তিনি বলেন, 'গতবার জাপান গার্ডেনকে তিন কোটি ৮৭ লাখ টাকা জরিমানা করেছি। আমরা আমাদের কাজ চালিয়ে যাচ্ছি। গুলশান লেক যেদিন প্রথম পরিষ্কার করি সেখান থেকে কোটি কোটি মশা বের হয়ে যায়।' আগামীকাল, বুধবার উত্তরায় যাব, রাজউকের প্রতিটি খাল পরিষ্কার করার জন্য।' মেয়র বলেন, 'আমাদের প্রত্যেককে যার যার সংস্থার দায়িত্ব নিতে হবে। আপনারা দেখেছেন পেট্রোবাংলার নিচে লার্ভা পাওয়ায় ৫ লাখ টাকা করে জরিমানা করেছি।' তিনি বলেন, আমি কাউকে দোষ দিচ্ছি না। লেটস ওয়ার্ক টুগেদার। আমাদের কাজ চালিয়ে যেতে হবে এবং আমরা অবশ্যই ফল পাবো। আমরা আগের থেকে ভালো করার জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়, স্থানীয় সরকার এবং সব সংস্থাকে নিয়ে সিটি কর্পোরেশনে কাজ করব।'

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বিআরডিবিকে কাজ করতে হবে : পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী

স্মার্ট বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড, বিআরডিবিকে কাজ করার আহ্বান জানিয়েছেন পল্লী উন্নয়ন ও সমবায় প্রতিমন্ত্রী আব্দুল ওয়াদুদ। মঙ্গলবার, ১৯শে মার্চ সকালে রাজধানীর কারওয়ান বাজারে বিআরডিবির সম্মেলনকক্ষে সার্বিক কার্যক্রম অবহিতকরণ ও মত বিনিময় সভায় প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান প্রতিমন্ত্রী। প্রতিমন্ত্রী বলেন, 'জাতির জনকের স্বপ্ন ছিল দেশের প্রতিটি মানুষ খাদ্য পাবে, আশ্রয় পাবে, শিক্ষা পাবে, উন্নত জীবনের অধিকারী হবে। বঙ্গবন্ধুর উন্নয়ন দর্শন ছিল সমবায়ের মাধ্যমে সমন্বিতভাবে পল্লী উন্নয়ন করা। এ লক্ষ্যকে সামনে রেখেই পল্লী উন্নয়নকে অগ্রাধিকার দেওয়া হয়েছে। সারাদেশে গ্রাম পর্যায়ে উন্নয়নের লক্ষ্যে বঙ্গবন্ধুকন্যা শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ সরকারের অন্যতম লক্ষ্য হলো গ্রামাঞ্চলে আধুনিক নগর সুবিধা সম্প্রসারণের মাধ্যমে সমৃদ্ধ পল্লী গড়ে তোলা।' প্রতিমন্ত্রী আরো বলেন, 'কৃষি উৎপাদন বাড়ানোর লক্ষ্যে বিআরডিবি কৃষিতে উন্নত বীজ সরবরাহ ও কৃষি যান্ত্রিকীকরণের মাধ্যম উৎপাদনে অসাধারণ ভূমিকা রেখেছে। এ বিপুল জনগোষ্ঠীর খাদ্য চাহিদা পূরণে দেশ আজ স্বয়ংসম্পূর্ণ। এ বিশাল সাফল্যের নেপথ্যেও রয়েছে বিআরডিবির অনন্য

অবদান।' বিআরডিবির কর্মকর্তাদের উদ্দেশ্যে তিনি বলেন, 'দক্ষতা ও নিষ্ঠার সঙ্গে টেকসই পল্লী উন্নয়ন নিশ্চিত করতে হবে। গ্রামীণ উদ্যোক্তা তৈরিতে আপনাদের পদক্ষেপ নিতে হবে। স্মার্ট পল্লী গঠনে দরকার স্মার্ট কর্মকর্তা। পরবর্তী প্রজন্মের জন্য একটি উন্নত বাংলাদেশ গঠনে সবাইকে একনিষ্ঠভাবে কাজ করতে হবে।' বিআরডিবির মহাপরিচালক আবদুল গাফফার খানের সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের সিনিয়র সচিব মোসাম্মৎ হামিদা বেগম। এছাড়া পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অতিরিক্ত সচিব মুনিমা হাফিজ-সহ বিআরডিবির উর্ধ্বতন কর্মকর্তারা উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## নির্বাচন বানচাল হলে দেশে অগণতান্ত্রিক শক্তির উত্থান হতো : তথ্য প্রতিমন্ত্রী

বিএনপি নির্বাচন বানচাল করতে সফল হলে দেশে অগণতান্ত্রিক শক্তির উত্থান হতো বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। মঙ্গলবার, ১৯শে মার্চ রাজধানীর মহাখালীতে সাউথ পয়েন্ট স্কুল অ্যান্ড কলেজ মাঠে ১৭ই মার্চ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মদিন ও জাতীয় শিশু দিবস উপলক্ষ্যে বাংলাদেশ আওয়ামী যুবলীগ আয়োজিত ইফতার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে সম্মানিত অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। তথ্য প্রতিমন্ত্রী বলেন, 'বিএনপি ৭ই জানুয়ারি নির্বাচন বানচাল করতে চেয়েছিল। আওয়ামী লীগ এ দেশের জনগণকে নিয়ে তা ব্যর্থ করে দিয়েছে।' তিনি বিএনপির উদ্দেশে বলেন, 'বিদেশি প্রভুদের তোষণ, অগ্নিসন্ত্রাস করে মানুষ পুড়িয়ে মারা এবং নির্বাচন বানচালের সংবিধান বিরোধী অপরাজনীতি ছেড়ে শুদ্ধ রাজনীতি চর্চায় ফিরে আসুন। গণতন্ত্রের প্রতি শ্রদ্ধাশীল হোন, নির্বাচনি প্রক্রিয়ায় রাজনীতি করুন।' আওয়ামী যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিমন্ত্রী ও আওয়ামী লীগের সভাপতিমণ্ডলীর সদস্য সিমিন হোসেন রিমি। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## ঈদে সাধারণ মানুষ নির্বিঘ্নে গন্তব্যে পৌঁছাতে পারবে : আইজিপি

এবারের ঈদযাত্রায় সাধারণ মানুষ নির্বিঘ্নে তাদের গন্তব্যে পৌঁছাতে পারবে বলে মন্তব্য করেছেন পুলিশের মহাপরিদর্শক, আইজিপি চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। তিনি বলেন, ‘সাধারণ মানুষ যাতে ঈদের সময় তাদের গন্তব্যে পৌঁছাতে পারে সেজন্য সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে। এছাড়া ইফতার, তারাবি ও সেহরির সময়ে এমনভাবে নিরাপত্তা ব্যবস্থা সাজিয়েছি যাতে করে সাধারণ মানুষের নিরাপত্তা বিঘ্নিত না হয়।’ মঙ্গলবার, ১৯শে মার্চ পুলিশ সদর দফতরে বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশন, ক্র্যাব নেতৃবৃন্দের সঙ্গে সৌজন্য সাক্ষাতে আইজিপি এসব কথা বলেন। যানজট প্রসঙ্গে আইজিপি বলেন, ‘রোজায় ইফতারের আগে যানজট নিরসনে স্বয়ং ডিএমপি কমিশনার নিজে রাস্তায় ইফতার করেছেন। যানজট নিরসনে ট্রাফিকের সব সদস্য নিরলসভাবে কাজ করে চলেছেন।’ পাশাপাশি রমজান উপলক্ষ্যে আইনশৃঙ্খলা রক্ষার্থে পুলিশ সদস্যদের সতর্ক করা হয়েছে বলেও জানান পুলিশের মহাপরিদর্শক। চৌধুরী আবদুল্লাহ আল-মামুন আরো বলেন, ‘সাধারণ মানুষের নিরাপত্তার জন্য ও সেবা সুনিশ্চিত করতে সারাদেশে পুলিশ কর্মকর্তাদের নির্দেশনা দেওয়া হয়েছে। পাশাপাশি জঙ্গিবাদ-সন্ত্রাসবাদ, চাঁদাবাজি এবং মাদকের বিষয়ে জিরো টলারেন্স নীতি অব্যাহত আছে এবং আগামীতেও থাকবে।’মাদকের ক্ষেত্রে জিরো টলারেন্স নীতি উল্লেখ করে পুলিশ প্রধান বলেন, ‘এসব ক্ষেত্রে পুলিশের কোনো সদস্য যদি জড়িত থাকেন সেক্ষেত্রে শূন্য সহিষ্ণুতা অর্থাৎ জিরো টলারেন্স নীতিতে দেখা হচ্ছে।’ এ সময় ক্র্যাব সভাপতি কামরুজ্জামান খান এবং সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম-সহ কমিটির নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## ঈদে ট্রাক ও পিকআপে যাত্রী পরিবহন বন্ধ : হাইওয়ে পুলিশপ্রধান

ঈদযাত্রায় কোনোভাবেই ঝুঁকিপূর্ণ কোনো ধরনের যানবাহন চলতে দেওয়া হবে না বলে হুঁশিয়ারি উচ্চারণ করেছেন হাইওয়ে পুলিশের অতিরিক্ত আইজিপি মোঃ শাহাবুদ্দিন খান। তিনি বলেছেন, ঈদযাত্রায় কেউ পণ্যবাহী যানবাহনে কিংবা অন্য কোনো যানবাহনের ছাদে, খোলা ট্রাক বা পিকআপে উঠতে পারবেন না। আমরা কোনোভাবেই এবার অনিরাপদ ঈদযাত্রা সহ্য করব না। আমরা এবার হাইওয়ে পুলিশ সড়কে কঠোর থাকবো। যারা অনিরাপদ যানবাহনে যাত্রী উঠাবেন তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।' পবিত্র রমজান ও আসন্ন ঈদুল ফিতর উদযাপন উপলক্ষ্যে মহাসড়ক/সড়ক পথে যাতায়াতকারী যাত্রী সাধারণের যাতায়াত নির্বিঘ্ন, নিরাপদ ও যানজটমুক্ত রাখার লক্ষ্যে মঙ্গলবার, ১৯শে মার্চ আয়োজিত মত বিনিময় সভায় একথা বলেন তিনি। হাইওয়ে পুলিশের উদ্যোগে রাজারবাগ পুলিশ অডিটোরিয়ামে এ মত বিনিময় সভার আয়োজন করা হয়। হাইওয়ে পুলিশের প্রধান মোঃ শাহাবুদ্দিন খান বলেন, 'মালিক-শ্রমিক ভাইদের প্রতি আমার বিশেষ অনুরোধ আপনারা সবাই এবারের ঈদযাত্রা স্বস্তিদায়ক করবেন বলে দায়িত্ব নেবেন বলেছেন। আমার বিশেষ অনুরোধ আপনারা যে দায়িত্ব নিয়েছেন সেটি পালন করুন। কোনো ধরনের ফিটনেসবিহীন, অনিরাপদ, লক্কড়-ঝক্কড় যানবাহন বা বাস সড়কে যেন না চলাচল করে। আমরা কঠোর থাকবো। ফিটনেস না থাকলে আইনগত ব্যবস্থা নেবো।' পাশাপাশি ফিটনেসবিহীন, অনিরাপদ, লক্কড়-ঝক্কড় যানবাহন বা বাসে যাতে কোনো যাত্রী না উঠেন সে আহ্বান রেখে পুলিশের এ অতিরিক্ত আইজিপি বলেন, আমাদের জেলা পুলিশ, মেট্রোপলিটন পুলিশ, হাইওয়ে পুলিশ, শিল্প পুলিশসহ সবাই মিলে এ ঈদযাত্রাকে স্বস্তিদায়ক করতে ব্যাপক প্রচার-প্রচারণা চালানো হবে। আমাদের এবারের সুস্পষ্ট বক্তব্য কোনোভাবেই ফিটনেসবিহীন যানবাহন এবার চলবে না। অনিরাপদ যাত্রার কারণে আনন্দের ঈদ নিমিষেই বিষাদে রূপ নিতে পারে। সেটি সবাইকে ভালোভাবেই এবার প্রচার-

প্রচারণায় তুলে ধরা হবে। এবারের ঈদ যাত্রায় সকল ধরণের আইনশৃঙ্খলা বাহিনী ছাড়াও পরিবহন মালিক শ্রমিক পক্ষ টার্মিনালে থাকবে, থাকবে মোবাইল কোর্ট। আশা করছি এবার অতিরিক্ত ভাড়া আদায় কোনোভাবেই করতে দেয়া হবে না।' হাইওয়ে পুলিশপ্রধান বলেন, 'চলমান রমজান, আসন্ন ঈদে এবার সড়ক মহাসড়কে যানবাহন চলাচলের ক্ষেত্রে স্বচ্ছতা ও জবাবদিহিতার সঙ্গে কাজ করবে হাইওয়ে পুলিশ। হাইওয়ে পুলিশের কোনো সদস্য অনিয়ম কোনো ব্যত্যয় করবে না। প্রযুক্তিগত সহায়তাসহ নানান ধরনের পদক্ষেপের মাধ্যমে হাইওয়ে পুলিশের প্রতিটি সদস্যকে আমরা প্রস্তুত করেছি। এরপরও যদি কোনো সদস্য ব্যত্যয় ঘটান, অনিয়ম করেন তাহলে ব্যবস্থা নেওয়া হবে।' তিনি বলেন, 'থ্রি-হুইলার মহাসড়কের একটা বড় সমস্যা। যানজট ও দুর্ঘটনার বড় কারণ। উচ্চ আদালত কর্তৃক এসব নছিমন, করিমন, ভটভটি মহাসড়কে চলাচল নিষিদ্ধ। অনেক ধরনের চেষ্টা সত্ত্বেও আমরা মহাসড়ক থেকে এসব প্রত্যাশিত মাত্রায় কমাতে পারিনি। এরমধ্যে যদি এসব ঈদযাত্রায় মহাসড়কে নামে তবে তা হবে ঝুঁকির। এজন্য প্রত্যেক জেলার পুলিশ সুপার ও পরিবহন মালিক শ্রমিকদের দায়িত্ব নিতে হবে।' (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## আড়াই মাসে ডেঙ্গুতে ২০ জনের মৃত্যু, আক্রান্ত দেড় হাজার

চলতি বছরের প্রথম প্রান্তিকেই, জানুয়ারি থেকে মার্চ মাস ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা এক হাজার ৫০০ জন ছাড়িয়ে গেছে। ডেঙ্গু আক্রান্ত হয়ে এরই মধ্যে ২০ জন প্রাণ হারিয়েছেন। স্বাস্থ্য মন্ত্রণালয় থেকে এ তথ্য জানানো হয়েছে। এ বছর ঢাকার থেকে ঢাকার বাইরে ডেঙ্গু আক্রান্ত রোগীর সংখ্যা বেশি। ঢাকার তুলনায় ঢাকার বাইরে আক্রান্তের সংখ্যা প্রায় দ্বিগুণ। স্বাস্থ্য মন্ত্রণালয়ের তথ্য অনুযায়ী, চলতি বছরের ১লা জানুয়ারি থেকে ১৮ই মার্চ পর্যন্ত ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ১ হাজার ৫৬৬ জন। এর মধ্যে ঢাকা শহরে ৫২৭ জন এবং ঢাকার বাহিরে ১ হাজার ৩৯ জন আক্রান্ত হয়েছেন। ডেঙ্গু আক্রান্ত হয়ে মারা গেছেন ২০ জন। মন্ত্রণালয় জানিয়েছে, ১৮ই মার্চ ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ২০ জন। এর মধ্যে ঢাকা শহরে আক্রান্ত হয়েছেন ৭ জন এবং ঢাকার বাহিরে আক্রান্তের সংখ্যা ১৩ জন। বিভাগ ভিত্তিক তথ্য অনুযায়ী, চলতি বছর ঢাকা বিভাগে ডেঙ্গু আক্রান্ত হয়েছেন ৭৪৫ জন। এর মধ্যে ঢাকা শহরে ৫৪৮ জন আক্রান্ত হয়েছেন। এছাড়া চট্টগ্রাম বিভাগে ৪৫৫ জন, বরিশাল বিভাগে ১৯০ জন, খুলনা বিভাগে ৯৩ জন, রাজশাহী বিভাগে ৩৬ জন, ময়মনসিংহ বিভাগে ২৮ জন, রংপুর বিভাগে ১৩ জন এবং সিলেটে বিভাগে ৬ জন ডেঙ্গু আক্রান্ত হয়েছেন এর আগে গত বছর দেশে রেকর্ড পরিমাণ মানুষ ডেঙ্গু আক্রান্ত হন এবং মারা যান। গত বছর ৩ লাখ ২১ হাজার ১৭৯ জন ডেঙ্গু আক্রান্ত হন। আর ডেঙ্গু আক্রান্ত হয়ে ১ হাজার ৭০৫ জনের মৃত্যু হয়। বাংলাদেশে সর্বপ্রথম ডেঙ্গুর সংক্রমণ হয় ১৯৬০ সালের দিকে। এরপর কেটে গেছে চার দশক। তারপর ২০০০ সালের জুন মাসে ডেঙ্গু সর্বপ্রথম মহামারি আকারে দেখা দেয় বাংলাদেশে। সে বছর মোট ৫ হাজার ৫৫১ জন ডেঙ্গু আক্রান্ত হয়। যার মধ্যে মারা যান ৯৩ জন। এরপর কম-বেশি প্রতি বছরই মানুষ ডেঙ্গুতে আক্রান্ত হয়েছে, মৃত্যু হয়েছে। ২০২৩ সালের আগে দ্বিতীয় সর্বোচ্চ ডেঙ্গু রোগী পাওয়া যায় কোভিডের আগের বছর ২০১৯ সালে। ওই বছর সারাদেশে মোট ১ লাখ ১ হাজার ৩৫৪ জন ডেঙ্গুতে আক্রান্ত হন এবং মারা যান ১৬৪ জন। (জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## করোনায় আরো একজনের মৃত্যু, শনাক্ত ৩১

দেশে ক্রমেই বাড়ছে করোনা ভাইরাসে আক্রান্তের সংখ্যা। গত ২৪ ঘণ্টায় নতুন করে ৩১ জনের শরীরে করোনা ভাইরাস শনাক্ত হয়েছে। এসময়ে দেশে করোনায় আরো একজন মৃত্যুর তথ্য জানা গেছে।। মহামারির শুরু থেকে এ পর্যন্ত দেশে করোনায় মৃত্যুর সংখ্যা দাঁড়িয়েছে ২৯ হাজার ৪৯৩ জনে। আর আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ২০ লাখ ৪৯ হাজার ২১৯ জনে। মঙ্গলবার, ১৯শে মার্চ স্বাস্থ্য অধিদফতর থেকে পাঠানো করোনা বিষয়ক নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। এতে বলা হয়, সারাদেশে গত ২৪ ঘণ্টায় ৮৮৫টি পরীক্ষাগারে ৬০২ টি নমুনা পরীক্ষায় ৩১ জনের করোনা শনাক্ত হয়। তাদের মধ্যে ২৮ জনই ঢাকার রোগী। বাকি তিনজন চট্টগ্রামের। পরীক্ষার বিপরীতে শনাক্তের হার ৫ দশমিক ১৫ শতাংশ। মহামারির শুরু থেকে এ পর্যন্ত মোট শনাক্তের হার ১৩ দশমিক শূন্য ৭ শতাংশ। গত ২৪ ঘণ্টায় করোনা আক্রান্তদের মধ্য থেকে সেরে উঠেছেন ৫২ জন। এ নিয়ে মোট সুস্থ রোগীর সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ২০ লাখ ১৬ হাজার ৪১৪ জনে। সুস্থতার হার ৯৮ দশমিক ৪০ শতাংশ।

(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

## সরকারি চাকরিজীবীদের সম্পদের তথ্য জমা বাতিল হলে দুর্নীতি বাড়বে

সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯-এর সংশোধন করে সম্পদের বিবরণী জমা দেওয়ার বাধ্যবাধকতা সরিয়ে নেওয়ার উদ্যোগ নিয়েছে সরকার। এ উদ্যোগের কঠোর সমালোচনা করেছে ট্রান্সপারেন্সি ইন্টারন্যাশনাল বাংলাদেশ (টিআইবি)। সরকারের এ উদ্যোগ বাস্তবায়ন হলে দেশের প্রায় ১৫ লাখ সরকারি কর্মচারীকে জবাবদিহি থেকে দায়মুক্তি দেওয়া হবে। পাশাপাশি দুর্নীতি সুরক্ষিত ও উৎসাহিত হবে এমন আশঙ্কা করে এ উদ্যোগ বাতিলের আহ্বান জানিয়েছে সংস্থাটি। মঙ্গলবার (১৯ মার্চ) এক বিবৃতিতে এ উদ্বেগ জানায় টিআইবি। সংস্থাটি জানায়, গণমাধ্যমের খবর অনুযায়ী, সরকারি কর্মচারীদের সম্পদ বিবরণী জমা দেওয়ার বিধান রহিত করে সরকারি কর্মচারী (আচরণ) বিধিমালা, ১৯৭৯ সংশোধনের উদ্যোগ নিয়েছে জনপ্রশাসন মন্ত্রণালয়। আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের খসড়া সংশোধনী যাচাইয়ের পর এটি এখন প্রশাসনিক উন্নয়নবিষয়ক কমিটিতে পাঠানো হবে।

সম্পদ বিবরণী জমা দেওয়ার বিধি বাতিলের ফলে অসাধু সরকারি কর্মকর্তাদের আরও বেশি করে দুর্নীতিগ্রস্ত হওয়ার শঙ্কা তৈরি হবে উল্লেখ করে টিআইবির নির্বাহী পরিচালক ড. ইফতেখারুজ্জামান বলেন, সরকারি চাকরিজীবী (আচরণ) বিধিমালার প্রস্তাবিত সংশোধনী সরকারের নির্বাচনি অঙ্গীকার ও শীর্ষ পর্যায়ের দুর্নীতির বিরুদ্ধে শূন্য সহনশীলতা ঘোষণার ঠিক উল্টো। তিনি বলেন, প্রথমে প্রতিবছর সম্পদ বিবরণী জমা দেওয়ার বিধান থাকলেও সরকারি কর্মচারীদের অনীহার মুখে পরবর্তীতে শিথিল করে তা পাঁচ বছর পর পর দেওয়ার বিধান করা হয়। সেই বিধানও সঠিকভাবে পালনে অনাগ্রহ ছিল। চাকরির শুরুতে সম্পদের বিবরণী দিলেও পাঁচ বছর পর পর হিসাব হালনাগাদের বাধ্যবাধকতা গুরুত্বই দেন না সরকারি কর্মচারীরা। এখন এই বাধ্যবাধকতা সরিয়ে দেওয়ার অর্থ হলো প্রকারান্তরে সরকারি কর্মচারীদের দুর্নীতিগ্রস্ত হয়ে উঠতে ব্যাপক উৎসাহ দেওয়া। কেনোনা, সম্পদের বিবরণী জমা দেওয়ার মতো কোনো বিধান না থাকলে সরকারি কর্মচারীদের মধ্যে নির্ভয়ে দুর্নীতি, এর মাধ্যমে অবৈধ সম্পদ অর্জনের সুযোগ বাড়বে তা বলাই বাহুল্য। একইসঙ্গে প্রাপ্য সেবা পেতে সরকারি অফিসে জনগণের ভোগান্তি বাড়বে, অবৈধ অর্থ লেনদেন বহুগুণে বাড়বে এবং সর্বোপরি সুশাসিত সরকার ব্যবস্থা নিশ্চিতের স্বপ্ন ব্যর্থতায় পর্যবসিত হবে। বিবৃতিতে বলা হয়, কর্মকর্তা-কর্মচারীর সম্পদের হিসাব সরাসরি নিয়মিত জমা ও হালনাগাদের পরিবর্তে জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) কাছে দেওয়া বার্ষিক আয়কর রিটার্ন থেকে নেওয়ার যে যুক্তি, বাস্তবে তা অর্থহীন। কারণ, আয়কর আইন ২০২৩ অনুযায়ী তা সম্ভব নয়। আইনের ৩০৯ (২) এবং ৩০৯ (৩) ধারা অনুযায়ী, কোনো কর্তৃপক্ষ কোনো সরকারি কর্মচারীকে এই আইনের অধীনে কোনো ট্যাক্স রিটার্ন, অ্যাকাউন্ট বা নথি উপস্থাপন, সাক্ষ্য বা প্রমাণ হিসেবে উপস্থাপনের আদেশ দিতে পারে না। অর্থাৎ দুর্নীতি দমন কমিশন (দুদক) দুর্নীতি বা বৈধ আয়ের সঙ্গে অসামঞ্জস্যপূর্ণ সম্পদ আহরণের অভিযোগে কোনো ব্যক্তির আয়কর বিবরণী আদালতের নির্দেশ ছাড়া দেখতে পারবে না। ফলে জবাবদিহির মুখোমুখি হওয়ার বদলে এই সংশোধনীর মাধ্যমে দুর্নীতিগ্রস্ত কর্মচারীরা নতুন সুরক্ষা লাভ করবেন। এতে আরও বলা হয়, ২০০৩ সালে নেওয়া জাতিসংঘের দুর্নীতিবিরোধী সনদ (আনকাক) এ জনপ্রতিনিধিসহ সব সরকারি কর্মচারীদের সম্পদের হিসাব প্রতিবছর দাখিল ও তার বছরভিত্তিক পর্যালোচনার কথা বলা হয়েছে। জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১২ এর মাধ্যমে এ অঙ্গীকারের পুনরাবৃত্তি করা হয়েছে।
(জাগো এফএম ওয়েব পেজ : ১৯.০৩.২০২৪ প্রতীক)

# BBC

**HONG KONG PASSES TOUGH SECURITY LAW**

Hong Kong has passed a tough security law which authorities say is necessary for stability, but which critics fear will further erode civil liberties. Article 23 targets new offences like external interference and insurrection, and penalties include life sentences. It was fast-tracked through its final stage by the city's pro-Beijing parliament in less than two weeks. Article 23 expands on a controversial national security law (NSL) either imposed by China. The law already criminalizes secession, subversion, terrorism *and* collusion with foreign forces in Hong Kong. But Hong Kong's leader John Lee has said Article 23 is also necessary to guard against "potential sabotage and undercurrents that try to create troubles" particularly ideas of an independent Hong Kong". (BBC Web Page: 19/03/24, FARUK)

**US REPORTS DEATH OF SENIOR HAMAS MILITARY LEADER**

Hamas leader Marwan Issa died in an Israeli air strike, White House official Jake Sullivan has said. As deputy military commander, Mr Issa would be Hamas's most senior leader to die since the war began on 7 October. The Palestinian group, which controls Gaza, has not officially commented on reports of his death. Israeli media sources have reported that Mr Issa was killed in a strike on a tunnel complex under the Nuseirat refugee camp in central Gaza last week. The deputy commander of Hamas's military wing - the Izzedine al-Qassam Brigades, was considered one of Israel's most-wanted men.
(BBC Web Page: 19/03/24, FARUK)

**US -PHILIPPINES ALLIANCE IS IRONCLAD: BLINKEN**

US Secretary of State Antony Blinken has assured the Philippines, a key Washington ally, of US support amid heightened tensions with China. He reiterated America's "ironclad" security commitments to the Philippines during a visit to Manila on Tuesday. Friction has grown between Manila and Beijing in recent months over competing claims in the South China Sea. "These waterways are critical to the Philippines, to its security, to its economy," Mr Blinken said. "They're also critical to the interests of the region, the United States and the world," he added, speaking at a joint press conference with Philippine Foreign Secretary Enrique Manalo. (BBC Web Page: 19/03/24, FARUK)

**JAPAN RAISES RATES FOR FIRST TIME IN 17 YEARS**

Japan's central bank has raised the cost of borrowing for the first time in 17 years. The Bank of the Japan (BOJ) increased its key interest rate from -0.1% to a range of 0%-0.1%. It comes as wages have jumped after consumer prices rose. In 2016, the bank cut the rate below zero in an attempt to stimulate the country's stagnating economy. The hike means that there are no longer any countries left with negative interest rates. The BOJ also abandoned a policy known as yield curve control (YCC), which saw it buying Japanese government bonds to control interest rates. (BBC Web Page: 19/03/24, FARUK)

**PUTIN HAILS CRIMEA ANNEXATION AFTER CLAIMING ELECTION WIN**

Russia's President Vladimir Putin has hailed the "return" of Crimea to Russia at a concert marking the 10th anniversary of the illegal annexation of the territory from Ukraine. He said Crimea had "returned to its home harbour" and that it would move forwards with Russia "hand in hand". Mr Putin was addressing thousands in Moscow's Red Square a day after claiming a landslide election win. The vote has been condemned by Western governments as a sham. UK Foreign Secretary Lord Cameron said the elections, in which serious opposition candidates were not allowed to stand, "starkly underline the depth of repression under President Putin's regime". China, Saudi Arabia and India all congratulated Mr Putin. (BBC Web Page: 19/03/24, FARUK)

**UGANDA ON ALERT AS IS-LINKED FIGHTERS CROSS BORDER**

Ugandan security forces are on high alert after they said fighters from an Islamic State-linked group entered the country at the weekend. The Allied Democratic Forces (ADF) militants are planning attacks in urban areas, places of worship, schools and public events, according to the army. It urged the public to remain vigilant "to avoid being victims of ADF terror". The ADF has been linked to a series of deadly attacks in Uganda, including targeting a school last June. The group was originally formed in Uganda in the 1990s by people disgruntled with the government's treatment of Muslims. But after being routed by the army, the remnants fled across the border to the Democratic Republic of Congo.
(BBC Web Page: 19/03/24, FARUK)

**SINGAPORE OPPOSITION LEADER CHARGED WITH LYING TO PARLIAMENT**

Singapore's opposition leader Pritam Singh has been charged with lying under oath to a parliamentary committee. The charges relate to Mr Singh's handling of a former lawmaker from his party who lied in parliament in a separate case. Mr Singh has rejected the accusations. Appearing in court on Tuesday, he said he would contest the charges. Prosecutors say they intend to ask for fines for Mr Singh, who could also possibly lose his seat in parliament. In August 2021, MP Raeesah Khan - then a lawmaker from the Workers Party - claimed the police had misbehaved towards a sexual assault victim. But she later admitted the anecdote was not true. (BBC Web Page: 19/03/24, FARUK)

**PROTESTS AT HOLOCAUST MUSEUM AS ISRAELI PRESIDENT VISITS**

Israeli President Isaac Herzog's attendance at the opening of a Holocaust museum in Amsterdam has sparked protests over Israel's military operations in Gaza. Activists calling for a ceasefire gathered in a square near the National Holocaust Museum. Signs were seen reading "Jews against genocide", and "The grandchild of a holocaust survivor says: Stop Gaza Holocaust." A smaller contingent of protesters waved Israeli flags. The museum said it had invited Mr Herzog before the Hamas attacks on 7 October, which led to Israel's ground offensive in Gaza. In a statement, it said it recognized Mr Herzog's attendance raised questions, but added that he represented the homeland of Dutch Holocaust survivors who had emigrated to Israel. (BBC Web Page: 19/03/24, FARUK)

**HEATWAVE SHUTS SCHOOLS AND CUTS POWER IN SOUTH SUDAN**

All schools have been ordered to close in South Sudan, as it prepares for a heatwave in which temperatures could reach an exceptional 45C. Authorities said children should stay indoors and that the extreme weather could last for at least two weeks. Deaths "related to excessive heat" have already been reported, officials said on Saturday. Residents in parts of the capital Juba sweltered without electric fans on Monday as the heat sparked power cuts. The streets of Juba, home to over 4,00,000 people, were largely quite in the afternoon as local media reported temperatures of 41C. It is exceptionally early for South Sudan to

experience such heat - temperatures often exceed 43C but only in the summer months, access to the World Bank's Climate Change portal. (BBC Web Page: 19/03/24, FARUK)

**::THE END::**